পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের মাঝে এক অপরূপ ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

 কলকাতা Volume No. 30, Issue No.: 255 Friday, 15 August, 2025 ❋ ৩০ বর্ষ, ২৫৫ সংখ্যা ❋ ২৯ শ্রাবণ ১৪৩২, শুক্রবার, ১৫ আগস্ট ২০২৫ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য- ৩ টাকা

নিজের মাতৃভাষাকে ভুলবেন না মমতা

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ আগস্টঃ কন্যাশ্রী দ্বাদশ বর্ষ উদযাপনের অনুষ্ঠান মঞ্চে দাঁড়িয়েও বাংলা ভাষার পক্ষে সওয়াল করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আলিপুর ধনধান্য স্টেডিয়ামে দর্শকের আসনে বসে থাকা ছাত্রীদের উদ্দেশে বললেন, ''সব ভাষাই শিখতে হবে। তা জীবন এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে। কিন্তু বাংলা ভাষা, নিজের মাতৃভাষাকে ভুললে চলবে না।'' শুক্রবার স্বাধীনতা দিবস। সে নিয়ে কথা বলতে গিয়েই এই প্রসঙ্গ উঠে আসে মুখ্যমন্ত্রীর কথায়। তিনি বলেন, ''প্রয়োজনে ইংরাজি ভাষা দরকার, কিন্তু মাতৃভাষা বাংলাকে কখনও ভুলবেন না। অনেকে ভেদাভেদ করে কিন্তু ভেবে দেখেছেন স্বাধীনতা আন্দোলনে রবীন্দ্রনাথ-নজরুল যখন গান গেয়েছিলেন, কোনও ভেদাভেদ ছিল না। দেশ যেদিন স্বাধীন হচ্ছে, সেদিন গান্ধীজীও বাংলায় ছিলেন, বেলাঘাটায় গান্ধী আশ্রমে।'' আর তারপরই বলেন, ''সেদিন যাঁরা এক কাপড়ে সব ফেলে চলে এসেছিলেন, তাঁরা তো দেশের নাগরিক হিসাবে গণ্য হয়েছেন। কিন্তু যাঁরা দেশের নাগরিক নন, বিদেশি, তাঁদের বিরুদ্ধে ভারত সরকার ব্যবস্থা নিক, আমার বলার নেই। কিন্তু অযথা হেনস্থা করা ঠিক নয়।'' রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, তাহলে কি মুখ্যমন্ত্রী '৭১ এর পরে ভারতে আসা বাংলাদেশিদের নিশানা করলেন? বাংলার এসআিআর আবহে এহেন মন্তব্য যথেষ্টই গুরুত্বপূর্ণ, বলছেন বিশেষজ্ঞরাই। উদাহরণ দিতে গিয়ে তিনি বলেন, ''আমি গত পরশু দিনই দেখলাম, নয়ডাতে এক ব্যক্তি তাঁর সন্তানকে নিয়ে একটি হোটেলে উঠতে চেয়েছিলেন। কিন্তু তিনি বাংলায় কথা বলেছিলেন বলে হোটেলের রুম ভাড়া দেওয়া হয়নি।'' সাম্প্রতিক রাজনৈতিক প্রেক্ষাপটে 'বাংলা ভাষা' অত্যন্ত তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে। ভিন রাজ্যে বাংলা ভাষায় কথা বলার জন্য পরিযায়ী শ্রমিকদের হেনস্থারও শিকার হতে হচ্ছে বলে একাধিক অভিযোগ উঠছে। তা নিয়ে সংসদেও ঝড় তুলেছে তৃণমূল। সেই পরিস্থিতিতে দাঁড়িয়ে 'কন্যাশ্রী'দের আগামী দিনের পথ মসৃণের বার্তা দিতে গিয়ে বাংলা ভাষার পক্ষেও মুখ্যমন্ত্রীর সওয়াল যথেষ্টই তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা। কন্যাশ্রী প্রকল্পে বাংলার অবস্থান স্পষ্ট করে মুখ্যমন্ত্রী জানান, ৯৩ লক্ষেরও বেশি কন্যাশ্রী এখন বাংলায়। কিন্তু সেটা এক কোটি করার স্বপ্ন দেখছেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, ''এই প্রকল্পের ১৭ হাজার কোটি টাকা খরচ করেছি ইতিমধ্যেই। আগে কন্যাশ্রী ছিল স্কুলে। এখন কলেজে কন্যাশ্রী ২, বিশ্ববিদ্যালয়ে কন্যাশ্রী ৩ পান।'' পরিসংখ্যান দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ''২০১১-১২ সালে মেয়েদের ড্রপ আউট শতাংশ ছিল প্রায় পৌনে পাঁচ পাসেন্ট। আজকে হয়েছে শূন্য। সেকেন্ডারিতে ২০১১-১২ সালে ড্রপ আউট ছিল ১৬.৩২, এখন ২.৯ শতাংশ। উচ্চ মাধ্যমিকে ২০১১-১২ সালে ১৫.৪১ শতাংশ ছিল, এখন উচ্চ মাধ্যমিকে ড্রপ আউট ৩.১৭ শতাংশ।''

'আত্মনির্ভরতার পথে আত্মবিশ্বাসী ভারত', স্বাধীনতা দিবসের প্রাক্কালে দেশবাসীকে বার্তা রাষ্ট্রপতির

নয়াদিল্লি, ১৪ আগস্টঃ স্বাধীনতা দিবসের প্রাক্কালে দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানালেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। তিনি বলেন, ''স্বাধীনতা দিবস ও প্রজাতন্ত্র দিবস প্রতিটি ভারতীয়ের কাছে গর্বের দিন, যা আমাদের দেশপ্রেম ও জাতীয় ঐক্যের প্রতীক। ১৫ আগস্ট দিনটি চিরকাল দেশের মানুষের স্মৃতিতে অমলিন থাকবে। দীর্ঘ ঔপনিবেশিক শাসনের সময় দেশের সব প্রান্তের মানুষ স্বাধীনতার স্বপ্ন দেখেছিলেন। অসংখ্য নারী-পুরুষ, তরুণ-প্রবীণ সেই স্বপ্ন বাস্তবায়নে আত্মনিয়োগ করেছিলেন। আগামিকাল আমরা যখন তিরঙ্গা পতাকা উত্তোলন করব, তখন সকল শহিদ ও স্বাধীনতা সংগ্রামীর প্রতি শ্রদ্ধা জানাব।'' রাষ্ট্রপতি নিজের বক্তব্যে গণতান্ত্রিক দিক তুলে ধরেন। বলেন, ''স্বাধীনতা অর্জনের পর ভারত

সার্বজনীন প্রাপ্তবয়স্ক ভোটাধিকার-ভিত্তিক গণতন্ত্রে পরিণত হয়। লিঙ্গ, ধর্ম বা অন্যান্য কারণে ভোটাধিকার সীমাবদ্ধ হয়নি, যা বিশ্বের অনেক দেশে তখনও প্রচলিত ছিল। নানা চ্যালেঞ্জ সত্ত্বেও ভারত সফলভাবে গণতান্ত্রিক পথে এগিয়েছে। আমাদের প্রাচীন গণতান্ত্রিক ঐতিহ্যের প্রতিফলন এই সাফল্য। ভারতের সংবিধান গণতন্ত্রের ভিত্তি গড়ে দিয়েছে, এবং আমরা এটিকে সর্বাধিক গুরুত্ব দিই।'' বিভাজনের বেদনাদায়ক ইতিহাসও স্মরণ করালেন দ্রৌপদী মুর্মু। তিনি বলেন, ''দেশভাগের সময় ভয়াবহ সহিংসতা দেখা গিয়েছিল, লক্ষ লক্ষ মানুষকে স্থানান্তরে বাধ্য করা হয়েছিল।'' রাষ্ট্রপতি আরও বলেন, ''সংবিধানের চার স্তম্ভ- ন্যায়, স্বাধীনতা, সমতা ও ভ্রাতৃত্ব, আমাদের সভ্যতার মূল মূল্যবোধ। এর কেন্দ্রে রয়েছে মানুষের মর্যাদা। সকলের জন্য শিক্ষা, স্বাস্থ্য ও সমান সুযোগ নিশ্চিত করতে হবে। যাঁরা ঐতিহাসিকভাবে পিছিয়ে পড়েছেন, তাঁদের জন্য বিশেষ সহায়তার প্রয়োজন।'' তিনি জানান, স্বাধীনতার সময় ভারত চরম দারিদ্র্যে ছিল কিন্তু ৭৮ বছরে অসাধারণ অগ্রগতি হয়েছে। গত অর্থবছরে ৬.৫ জিডিপি প্রবৃদ্ধি নিয়ে ভারত বিশ্বের প্রধান অর্থনীতির মধ্যে দ্রুততম। মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে, রফতানি বৃদ্ধি ও অর্থনীতির সব সূচক ইতিবাচক। এই সাফল্যের পেছনে রয়েছে সংস্কার, বিচক্ষণ নীতি ও কৃষক-শ্রমিকদের পরিশ্রম। সুশাসনের ফলে কোটি মানুষ দারিদ্র্যসীমার বাইরে এসেছেন। দরিদ্র ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য সরকার একাধিক কল্যাণমূলক কর্মসূচি চালাচ্ছে। আঞ্চলিক বৈষম্য কমছে, পিছিয়ে থাকা রাজ্যগুলোও এগিয়ে আসছে। ব্যবসা, ছোট ও মাঝারি শিল্পের বিকাশে প্রতিবন্ধকতা দূর হয়েছে। গত দশকে অবকাঠামো উন্নয়নে বড় অগ্রগতি হয়েছে, ভারতমালা প্রকল্পে জাতীয় সড়ক নেটওয়ার্ক সম্প্রসারণ, আধুনিক প্রযুক্তিসম্পন্ন রেলগাড়ি, এবং কাশ্মীর উপত্যকায় ঐতিহাসিক রেল সংযোগ তার প্রমাণ। এতে বাণিজ্য ও পর্যটন বাড়বে। দ্রুত নগরায়নের কারণে শহরের উন্নয়নে জোর দেওয়া হচ্ছে-মেট্রো রেল সেবা একাধিক শহরে সম্প্রসারিত হয়েছে, 'অমৃত' প্রকল্পে শহুরে পানীয়জল ও নিকাশির ব্যবস্থা উন্নত হয়েছে। গ্রামে 'জল জীবন মিশন' পাইপলাইনে পানীয় জল সরবরাহ বাড়াচ্ছে। স্বাস্থ্য ক্ষেত্রে 'আয়ুস্মান ভারত' বিশ্বের বৃহত্তম স্বাস্থ্য প্রকল্প, যা ইতিমধ্যেই ৫৫ কোটির বেশি মানুষকে সুরক্ষা দিয়েছে। ৭০ বছর বা তার বেশি বয়সের সকল নাগরিকও এর আওতায় এসেছেন।

ছুটি

আজ ৭৯তম স্বাধীনতা দিবস উপলক্ষে 'দুরন্ত বার্তা'র সকল দফতর বন্ধ থাকবে। তাই শনিবার পত্রিকার কোনও সংস্করণ প্রকাশিত হবে না। রবিবার থেকে পুনরায় পত্রিকা প্রকশিত হবে।

-সম্পাদক

'নিজেকে যোগ্য মনে করলে, সারা দেশে এসআইআর চালু করুন' অভিষেক

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ আগস্টঃ চব্বিশের লোকসভা নির্বাচন ডায়মন্ড হারবার থেকে ৭ লক্ষের বেশি ভোটে জিতেছেন তিনি। সেই ডায়মন্ড হারবার কেন্দ্রে ভোটার বৃদ্ধি নিয়ে প্রশ্ন তুলেছেন বিজেপি নেতা অনুরাগ ঠাকুর। ভুয়ো ভোটার ইস্যুতেও কটাক্ষ করেছেন। এবার তারই জবাব দিলেন ডায়মন্ড হারবারের সাংসদ তথা তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। বিজেপিকে চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে তিনি বলেন, প্রয়োজনের আগামিকালই তিনি পদত্যাগ করতে প্রস্তুত। সেক্ষেত্রে সরকারকে লোকসভা ভেঙে দিয়ে ফের নির্বাচন করতে হবে। বিহারে ভোটার তালিকা সংশোধনের জন্য নির্বাচন কমিশন স্পেশাল ইনটেনসিভ রিভিশন (করার পর থেকে সরব হয়েছে বিরোধীরা। বিহারে এসআইআর-র পর খসড়া ভোটে জিতছেন?'' এদিন অনুরাগকে জবাব দিয়ে অভিষেক বলেন, প্রয়োজনে তিনি আগামিকালই পদত্যাগ করতে প্রস্তুত। সেক্ষেত্রে সরকারকে লোকসভা ভেঙে দিয়ে ফের নির্বাচন করতে হবে। এই একই দাবি যাতে সব বিরোধী দল তোলে, সেই আবেদন তৃণমূলের তরফে ইন্ডিয়া জোটকে করেন অভিষেক। তাঁর প্রস্তাব, বিজেপির অভিযোগের প্রেক্ষিতে ইন্ডিয়া জোটের সাংসদরা পদত্যাগ করতে প্রস্তুত বলে প্রচার করুন। এদিন এসআইআর নিয়ে সামাজিক মাধ্যমে এবার পোস্ট করলেন অভিষেক। একই সঙ্গে নয়া মুখ্য নির্বাচন কমিশনারকেও নিশানা করেছেন তিনি। অভিষেকের কথায়, নিজেকে যোগ্য মনে করলে, গোটা দেশে এসআইআর চালু করুন। শুধুমাত্র ভোটমুখী রাজ্যে নয়। নির্বাচন কমিশনকে ক্রোনোলজিও

ভোটার তালিকা থেকে ৬৫ লক্ষের নাম বাদ গিয়েছে। বিরোধীদের অভিযোগ, বিজেপিকে জেতাতে নাম বাদ দেওয়া হচ্ছে। বিহারের পর নির্বাচন কমিশন বাংলায় এসআইআর করতে পারে বলে জল্পনা শুরুর পর থেকেই সরব হয়েছে রাজ্যের শাসকদল। কয়েকদিন আগে অভিষেক হুঁশিয়ারি দিয়েছেন, এসআইআর-র নামে একজন ভোটারের নাম বাদ গেলে এক লক্ষ বাঙালিকে নিয়ে নির্বাচন কমিশনের অফিস ঘেরাও করব। এরপর গতকাল অনুরাগ ঠাকুর ডায়মন্ড হারবারের ভোটার বৃদ্ধি নিয়ে প্রশ্ন তোলেন। ২০১৪ সাল থেকে এই লোকসভা কেন্দ্রের সাংসদ অভিষেক। সেই লোকসভা কেন্দ্রে ভোটার বৃদ্ধি নিয়ে প্রশ্ন তুলে অনুরাগ বলেন, ''ডায়মন্ড হারবারে ৩০১টি বুথে ১৫ শতাংশ ভোটার বৃদ্ধি হয়েছে গত ৪ বছরে। সব জায়গায় তৃণমূল জিতেছে। তাহলে কী ভুয়ো ভোটার দিয়েই আপনি বুঝিয়েছেন অভিষেক। তিনি লিখেছেন, 'লোকসভা ভেঙে গোটা দেশে এসআইআর করুন, তারপর নির্বাচনে গিয়ে জনগণের মুখোমুখি হন।' বিজেপি নেতা জগন্নাথ চট্টোপাধ্যায় বলেন, ''এই ভোটার তালিকা নিয়ে যদি সংশয় থাকে, তাহলে তিনি তো নিজেই পদত্যাগ করতে পারেন। তাঁর যদি মনে হয়, ডায়মন্ড হারবারে এই ভোটার তালিকায় জেতা তাঁর অন্যায় হয়েছে, তাঁর এমপি সার্টিফিকেট নেওয়া ভুল হয়েছে।'' এসআইআর নিয়ে নির্বাচন কমিশনের পাশাপাশি বিজেপির উপরেও চাপ বাড়িয়ে চলেছে বিরোধীরা। সংসদে ঝড় তুলছে তৃণমূল। লোকসভা ভেঙে নতুন করে নির্বাচন করার কথা আগেও বলেছিলেন অভিষেক। বুধবার আবার তার প্রেক্ষিতে সরব হয়েছেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ ঠাকুর। বৃহস্পতিবার আরও এক ধাপ এগিয়ে অভিষেক এবার নিশানা করলেন মুখ্য নির্বাচন কমিশনারকেও।

রাজ্যে সব বুথের বাইরে থাকবে বাদ পড়া ভোটারের নাম, এসআইআর আবহে সিদ্ধান্ত কমিশনের

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ আগস্টঃ বিহার নিয়ে শীর্ষ আদালতের নির্দেশের পর এবার রাজ্যেও মৃত ও বাদ পড়া ভোটারদের নামের তালিকা প্রকাশ করবে কমিশন। বুথের বাইরে প্রকাশ করা হবে সেই তালিকা। রাজ্যে বর্তমানে প্রায় ৮১ হাজার বুথ রয়েছে। সেই বুথের সংখ্যা বেড়ে ৯৪ হাজার হতে চলেছে। প্রতি বুথের বাইরেই বাদ পড়া ভোটারদের নাম টাঙিয়ে দেবে কমিশন। ইতিমধ্যেই বিহারে এসআইআর বা বিশেষ নিবিড় পরিমার্জনের মাধ্যমে প্রায় ৬৫ লক্ষ নাম বাদ দিয়েছে কমিশন। বৃহস্পতিবার সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছে, বিহারে যে ৬৫ লক্ষ নাম বাদ গিয়েছে, সেই সব নাম প্রকাশ করতে হবে। নির্দিষ্ট ওয়েবসাইটে সেই নাম আপলোড করতে হবে কমিশনকে। আগামী মঙ্গলবার পর্যন্ত সময় দেওয়া হয়েছে। এসআইআর প্রক্রিয়া শুরু না হলেও এ রাজ্যের জন্যও কমিশন একই সিদ্ধান্ত নিয়েছে। তবে কেন নাম বাদ দেওয়া হচ্ছে, সেটাও ওই তালিকায় থাকবে কি না, সেটা এই মুহূর্তে স্পষ্ট করেনি কমিশন। অবশ্য প্রত্যেক বিএলও অফিসারের কাছে এই তথ্য থাকবে বলে জানা গিয়েছে। চাইলে সেখান থেকেও যাচাই করার সুযোগ থাকবে। অন্যদিকে আধার নিয়ে নিজেদের অবস্থানেই অন। থাকছে কমিশন। অর্থাৎ আধার ভারতীয় নাগরিক হওয়ার পরিচয়পত্র নয়। আগামিদিনেও আধার কার্ড ভোটার তালিকার জন্য বৈধ বলে গণ্য করবে না কমিশন। চলতি মাসে বুথের বিন্যাসের জন্য সর্বদলীয় বৈঠক ডেকেছে নির্বাচন কমিশন। জেলায় জেলায় সব রাজনৈতিক দলের সঙ্গেই আলোচনায় বসবে তারা। উল্লেখ্য, বিহারের পর যে বাংলায় এসআইআর হচ্ছে, তা একরকম নিশ্চিত হয়ে গিয়েছে। বুধবার সুপ্রিম কোর্টে পশ্চিমবঙ্গ সরকারের তরফের আইনজীবী জানিয়েছেন, আগস্ট মাসেই কমিশনের তরফ থেকে রাজ্যকে চিঠি দেওয়া হয়েছে। সেই চিঠিতেই বলা হয়েছে এসআইআরের কথা।

বিহারে ভোটার তালিকা থেকে বাদ পড়ারা আপত্তি জানাতে আধার কার্ড জমা দিতে পারবেন। সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ১৪ আস্টঃ বিহারের বিশেষ নিবিড় পুনর্বিবেচনা প্রক্রিয়ায় ভোটার তালিকা থেকে নাম মুছে যাওয়া মানুষের জন্য বড় স্বস্তির বার্তা দিল সুপ্রিম কোর্ট। বৃহস্পতিবার বিচারপতি সুর্যকান্ত ও জয়মাল্য বাগচির বেঞ্চ অন্তর্বর্তী নির্দেশে জানিয়েছে- যাদের নাম ভোটার তালিকা থেকে বাদ পড়েছে, তারা আপত্তি জানাতে আধার কার্ড জমা দিতে পারবেন। এর আগে নির্বাচন কমিশন যুক্তি দিয়েছিল, আধার পরিচয়পত্র হিসেবে গ্রহণযোগ্য হলেও নাগরিকত্ব প্রমাণের জন্য বৈধ নয়। ফলে এটি ১১টি স্বীকৃত নথির তালিকায় রাখা হয়নি। তবে আদালত জানিয়েছে, পরিচয় ও বসবাসের প্রমাণ হিসেবে আধার আইনগতভাবে স্বীকৃত, তাই এটি গ্রহণ করতেই হবে। আদালতের নির্দেশ, ২০২৫ সালের ভোটার তালিকায় থাকা কিন্তু খসড়া তালিকা থেকে বাদ পড়া প্রায় ৬৫ লক্ষ ভোটারের নাম জেলা পর্যায়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে, সঙ্গে উল্লেখ করতে হবে নাম মুছে দেওয়ার কারণ। এই তালিকা বিজ্ঞাপন দিয়ে প্রচার করতে হবে এবং সর্বাধিক প্রচারিত আঞ্চলিক ভাষার পত্রিকায় ছাপাতে হবে। পাশাপাশি দূরদর্শন ও অন্যান্য টিভি চ্যানেল এবং জেলা নির্বাচন আধিকারিকদের সোশ্যাল মিডিয়া হ্যান্ডেলেও নোটিস দিতে হবে। পিটিশনারদের পক্ষে আইনজীবী প্রশান্ত ভূষণ জানিয়েছেন, আদালতের এই নির্দেশে বহু মানুষ স্বস্তি পাবেন। অন্তত তাঁরা জানতে পারবেন কেন তাঁদের নাম বাদ গেছে এবং আপিল করতে পারবেন। সিনিয়র আইনজীবী কপিল সিব্বল ও অভিষেক মনু সিঙ্ঘভি আগে থেকেই আধারকে গ্রহণযোগ্য নথির তালিকায় রাখার দাবি তুলেছিলেন। আদালতও উল্লেখ করেছে, আধার নাগরিকত্বের প্রমাণ না হলেও পরিচয়পত্র হিসেবে এটি আইনত বৈধ, তাই বাদ দেওয়া যাবে না।

রয়েছে রক্ষাকবচ, শুভেন্দুর বিরুদ্ধে এফআইআর দায়ের করতে চেয়ে হাইকোর্টে রাজ্য সরকার

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ আগস্টঃ রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে এফআইআর দায়ের করতে চায় রাজ্য। বৃহস্পতিবার কলকাতা হাইকোর্টে এমনই আবেদন জানানো হয়েছে রাজ্যের তরফে। সম্প্রতি নবান্ন অভিযানে অংশ নিয়েছিলেন শুভেন্দু। এছাড়াও রাজ্য সরকার ও শাসক দলের বিরোধিতায় বারবার, বিভিন্ন ইস্যুতে পথে নামতে দেখা যায় তাঁকে। রাজ্যের দাবি, নিয়ম ভেঙে মিছিলে যোগ দিচ্ছেন শুভেন্দু, সেই কারণেই এফআইআর দায়ের করার এই আবেদন। বৃহস্পতিবার এই ইস্যুতে আদালতের দৃষ্টি আকর্ষণ করেছে রাজ্য। নতুন আবেদন করার জন্য বিচারপতি জয় সেনগুপ্তর এজলাসে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। কিন্তু শুভেন্দু অধিকারীর আইনজীবীর বক্তব্য, এই মামলা শোনার এক্তিয়ার

এই এই আদালতের নেই। বিচারপতি জয় সেনগুপ্ত জানান, উপযুক্ত আদালত থেকে ইনস্ট্রাকশন না আনলে এই আদালত নতুন আবেদন শুনতে পারে না। ২০২২-এ কলকাতা হাইকোর্টে বিচারপতি রাজাশেখর মান্থার বেঞ্চ রক্ষাকবচ দিয়েছিল শুভেন্দুকে। রাজ্য পুলিশের দায়ের করা ২৬টি এফআইআরে স্থগিতাদেশ দেওয়া হয়েছিল। সেই সঙ্গে নির্দেশ ছিল, শুভেন্দুর বিরুদ্ধে এফআইআর করতে গেলে আদালতের অনুমতি নিতে হবে। ডিসেম্বরে কলকাতা হাই কোর্টের বিচারপতি রাজাশেখর মান্থার বেঞ্চ শুভেন্দুর বিরুদ্ধে রাজ্য পুলিশের দায়ের করা ২৬টি এফআইআর-এ স্থগিতাদেশ দেয়। শুভেন্দুর বিরুদ্ধে নতুন মামলা করতে গেলেও আদালতের অনুমতি নিতে হবে বলে হাই কোর্ট নির্দেশ দিয়েছিল। সেই রায় বহাল রাখে সুপ্রিম কোর্টও।

এবার ১০০ দিনের কাজের বকেয়া চেয়ে হাইকোর্টে রাজ্য

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ আগস্টঃ হাইকোর্ট ১০০ দিনের কাজ শুরুর নির্দেশ দিয়েছে। তারপরও কেন্দ্র একশো দিনের কাজে বকেয়া টাকা দিচ্ছে না বলে কয়েকদিন আগেই সরব হয়েছিলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এবার ২০২২ সালের মার্চ পর্যন্ত ১০০ দিনের কাজের বকেয়া টাকা চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হল রাজ্য সরকার। রাজ্যের বক্তব্য, ১০০ দিনের কাজের মামলার সময় ওই টাকা দিয়ে দেবে বলে কেন্দ্র জানিয়েছিল। তারপরও টাকা মেলেনি। প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানমের এজলাসে মামলার শুনানি হবে। বাংলায় একশো দিনের কাজ বন্ধ রাখা নিয়ে যুযুধান দুই রাজনৈতিক দল তৃণমূল ও বিজেপির মধ্যে অনেকদিন ধরেই চাপানউতোর চলছে। কেন্দ্র ইচ্ছে করে ১০০ দিনের কাজের টাকা আটকে রেখেছে বলে সরব রাজ্যের শাসকদল। অন্যদিকে, বিজেপির বক্তব্য, তৃণমূলের দুর্নীতির জন্যই ১০০ দিনের কাজের টাকা দিচ্ছে না কেন্দ্র এই ১০০ দিনের কাজ বন্ধ নিয়ে মামলাতেই হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম এবং বিচারপতি চৈতালি চট্টোপাধ্যায় দাসের ডিভিশন বেঞ্চ গত ১৮ জুন নির্দেশ দিয়েছিল, ১ আগস্ট থেকে পশ্চিমবঙ্গে আবার ১০০ দিনের কাজ শুরু করতে হবে। তবে হাইকোর্ট জানিয়েছিল, ১০০ দিনের কাজ শুরু করার জন্য যে কোনও শর্ত আরোপ করতে পারবে কেন্দ্র। ওই মামলার শুনানির সময় কেন্দ্রের তরফে জানানো হয়েছিল, ২০২২ সালের মার্চ পর্যন্ত বকেয়া টাকা মিটিয়ে দেওয়া হবে। রাজ্যের শাসকদলের অভিযোগ, হাইকোর্ট নির্দেশ দিলেও এখন বাংলায় একশো দিনের কাজ শুরু হয়নি। বকেয়া টাকাও কেন্দ্র দেয়নি বলে অভিযোগ রাজ্যের। এদিন রাজ্যের তরফে ১০০ দিনের কাজে বকেয়া ৪ হাজার ৫৬৩ কোটি টাকা চেয়ে আবেদন করা হয়। রাজ্যের তরফে বলা হয়, কেন্দ্রের গ্রামোন্নয়ন মন্ত্রকের পোর্টালই বলছে, ২০১৭-১৮ অর্থবর্ষ থেকে ২০২১-২২ অর্থবর্ষ পর্যন্ত একশো দিনের কাজে বাংলা কেন্দ্রের কাছ থেকে ৪ হাজার ৫৬৩ কোটি টাকা পাবে। সেই টাকা চেয়েই এবার প্রধান বিচারপতির বেঞ্চে আবেদন জানাল রাজ্য।

পথ সুরক্ষায় অভিনব প্রয়াস, হেলমেট ফর সেফটি উদ্যোগের সূচনা দিল্লি সরকারের

নয়াদিল্লি, ১৪ আগস্ট ঃ পথ সুরক্ষার অভিনব এক প্রয়াস নিল দিল্লি সরকার। বৃহস্পতিবার 'হেলমেট ফর সেফটি' উদ্যোগের সূচনা করেছে দিল্লি সরকার। দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা বলেছেন, আমরা সড়ক নিরাপত্তার জন্য 'হেলমেট ফর সেফটি' উদ্যোগ চালু করেছি। আমরা লক্ষ্য করেছি, দিল্লিতে ১০টির মধ্যে ৮টি দুর্ঘটনা হেলমেট না পরার কারণে ঘটে। দিল্লি সরকার এই দুর্ঘটনা কমাতে সংকল্পবদ্ধ। আমরা একটি সচেতনতামূলক প্রচারণা শুরু করেছি, যাতে এখনও পর্যন্ত বহু যুবক অংশগ্রহণ করেছে।মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা এদিনের অনুষ্ঠানে বলেন, আজ আমরা একটি স্বাধীন ভারতে নিঃশ্বাস নিচ্ছি। আমাদের দেশ স্বাধীন কারণ অসংখ্য স্বাধীনতা সংগ্রামী - ভগ সিং, রাজগুরু, সুখদেব - মাত্র ২০-২৫ বছর বয়সে দেশের জন্য ফাঁসিতে ঝুলেছিলেন। দেশের সেবা করার এমন সুযোগ আর আসবে না। আমাদের কাছে সুযোগ কম এবং এর মাধ্যমে আমরা দেশের প্রতি আমাদের ভালোবাসা দেখাতে পারি বলে মনে করনে।

রেনুকাস্বামী খুনের মামলায় কন্নড় অভিনেতা দর্শনের জামিন খারিজ সুপ্রিম কোর্টে

নয়াদিল্লি, ১৪ আগস্ট ঃ কন্নড় অভিনেতা দর্শনের জামিন খারিজ হয়ে গেল সুপ্রিম কোর্টে। রেনুকাস্বামী খুনের মামলায় দর্শনকে জামিন দিয়েছিল কর্নাটক হাই কোর্ট। সুপ্রিম কোর্ট বৃহস্পতিবার অভিনেতার জামিন বাতিল করে জানিয়েছে, কর্নাটক হাই কোর্টের নির্দেশ সঠিক নয়। একই সঙ্গে শীর্ষ আদালতের নির্দেশ, বৃহস্পতিবারই জেলে পাঠাতে হবে কন্নড় অভিনেতাকে। সুপ্রিম কোর্ট এও জানিয়ে দিয়েছে, জেলে থাকার সময় কোনও ভাবেই যেন বাড়তি কোনও সুবিধা না পান অভিনেতা। অভিনেতা দর্শনের বান্ধবী পবিত্রা গৌড়াকে কুরুচিকর ছবি পাঠানোর অভিযোগ উঠেছিল রেনুকাস্বামীর বিরুদ্ধে। পুলিশ জানায়, তার জেরে দর্শন ও তাঁর সঙ্গীরা রেনুকাস্বামীকে অপহরণের পরে বেধড়ক পিটিয়ে খুন করেন বলে অভিযোগ। রেনুকাস্বামীর মৃতদেহ উদ্ধার হলে ওই ঘটনায় শোরগোল পড়ে যায়। ময়নাতদন্তের রিপোর্টে জানা যায়, মৃতের শরীরে অনেক আঘাতের চিহ্ন ছিল মনেহয়।

শ্রাবণী বন্যায় ভাসছে শোণিতপুরের বরসলা

শোণিতপুর (অসম), ১৪ আগস্ট ঃ শ্রাবণ মাসের বন্যার কবলে পড়ে নাকাল শোণিতপুর জেলার অন্তর্গত বরসলা বিধানসভা এলাকার গ্রামাঞ্চল।গত কয়েকদিনের লাগাতার বৃষ্টিপাত হচ্ছে অসম সহ অরুণাচল প্রদেশে। মূলত অরুণাচল প্রদেশে বৃষ্টির ফলে ফুলেফেঁপে ওঠেছে গাভরু নদীর জল। গাভরুর জল হু হু করে ঠেলামারার রোহিণীবিল গ্রামে প্রবেশ করায় বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। বহু বসতবাড়ি ভাসছে বন্যার জলে। হেক্টর হেক্টর কৃষিজমির ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে জল। এছাড়া যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে রোহিণীবিল গ্রাম।এর মধ্যে গতকাল বুধবার বিকালে মিসামারিতে একটি শিশু বন্যার জলে ভেসে গিয়েছিল। তবে সৌভাগ্যবশত স্থানীয় মানুষের তপরতায় শিশুটিকে উদ্ধার করা হয়েছে।

আগামী বছরে ' কণ্যাশ্রী 'সংখ্যা ১ কোটিতে নিতে চান মমতা

কলকাতা, ১৪ আগস্ট ঃ আমাদের ৯৩ লক্ষের বেশি কন্যাশ্রী বাংলায়। আমি আগামী বছরে চাই এটা ১ কোটি হোক। কন্যাশ্রীর জন্য বিশেষ উদযাপন।'' কন্যাশ্রী প্রকল্পের ১২ বছর উপলক্ষে বৃহস্পতিবার ধনধান্য অডিটোরিয়ামে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এ কথা বলেন। এই সঙ্গে তিনি দাবি করেন, কন্যাশ্রী প্রকল্প শুরুর পর স্কুলছুটের সংখ্যা এখন শূন্য।তিনি জানান, 'এই মাসের শেষের দিকে, আমরা ১২ লক্ষ ছাত্র-ছাত্রীকে সাইকেল দেব। যেমন প্রতিবছর দিই। এবারেরটাও পাবে, ক্লাস নাইনে যারা উঠেছে।

স্বাধীনতা দিবস ভারতের অন্যতম জাতীয় দিবস

মধুসূদন দে , বাঁকুড়াঃপ্রায় ২০০ বছর ব্রিটিশ বেনিয়া ইংরেজ কোম্পানী ভারতবাসী কে শাসন ও শোষণ করেছে। বহু বিপ্লবীর আত্মত্যাগের মধ্য দিয়ে ভারত স্বাধীনতা লাভ করে। তাই স্বাধীনতা দিবসটি ভারতবাসীর কাছে এক আলাদা উন্মাদনার সৃষ্টি করে। ১৯৪৭ সালের ১৫ আগস্ট। ভারত ব্রিটিশ শাসন থেকে মুক্ত হয়। দীর্ঘ আন্দোলন ও লড়াই এর মধ্য দিয়ে ভারত স্বাধীনতা অর্জন করে। পরাধীনতার জ্বালা যন্ত্রণা,অত্যাচার ও অপমান আমাদের শিহরিত করে। সেই সব ঘটনা কে স্মরণীয় করে রাখার জন্য ১৫ ই আগস্ট তারিখ টি ভারতের স্বাধীনতা দিবস হিসেবে পালন করা হয়। ভারতের জাতীয় কংগ্রেসের নেতৃত্বে অহিংস,অসহযোগ ও আইন অমান্য আন্দোলন এবং চরমপন্থী নেতৃত্বের সহিংস আন্দোলনের পথে পরিচালিত হয়ে. ভারত স্বাধীনতা অর্জন করেছিল।স্বাধীনতা দিবস হল একটি জাতীয় দিবস। জাতির কাছে গর্বের ও আনন্দের দিন। স্বাধীনতা দিবস প্রত্যেক ভারতীয়ের হৃদয় ও মনে দেশপ্রেম জাগিয়ে তোলে। বিপ্লবীদের ত্যাগ ও সংগ্রামকে স্মরণ করার জন্য, ভারতের তরুণ প্রজন্ম কে উসাহিত করার জন্য স্বাধীনতা দিবস ভারতের অন্যতম জাতীয় দিবস।স্বাধীনতা দিবস আমাদের মনে করিয়ে দেয় জালিয়ান ওয়ালাবাগের নৃশংস হত্যাকাণ্ড, কিংসফোর্ড সাহেবের অত্যাচার এবং ওটেন সাহেবের ভারতবাসী সম্পর্কে অপমানজনক মন্তব্য। আমরা স্বাধীনতা দিবসে বীর বিপ্লবীদের জীবন আদর্শ স্মরণ করি। শহিদ বেদীতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করে চোখের জলে শহিদ বেদীকে রাঙিয়ে তুলি। জাতীয় পতাকা উত্তোলনের সময় চোখের সামনে ভেসে উঠে ইংরেজদের অত্যাচার সহ্য করতে না পেরে ব্যারাকপুরের সামরিক ছাউনি তে মঙ্গল পান্ডের গুলি চালানো কতটা দু ঃসাহসিক। বাংলার দুই দামাল ছেলে ক্ষুদিরাম বসু ও প্রফুল্ল চাকির কিংসফোর্ড সাহেবের গাড়িতে বোমা নিক্ষেপ। চোখের জলে দেখতে পাই ক্ষুদিরাম বসুর হাসতে হাসতে ফাঁসির মঞ্চে দেশমাতার কোলে ফিরে আসার আকুল আবেদন। আমরা ভুলতে পারি না -বিনয় বাদল-দীনেশের রাইটার্স বিল্ডিং অভিযান, ভুলতে পারছি না বুড়িবালাম নদীর তীরে বাঘা যতীনের লড়াই। জাতির জনক গান্ধীজীর অহিংস অসহযোগ আন্দোলন,জাতীয় কংগ্রেসের ভারত ছাড়ো আন্দোলন, নেতাজির দিল্লি চলো ধ্বনি, জাতীয় পতাকা হাতে পুলিশের গুলিতে মাতঙ্গিনী হাজরার মৃত্যু। বহু লড়াই ও আন্দোলনের ফলে ইংরেজ সরকার ভারত ছেড়ে চলে যেতে বাধ্য হয়। এছাড়া দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রভাবে ব্রিটেনের রাজকোষ শূন্য হয়ে পড়ে। ইংরেজ সরকার বুঝতে পারে যে ভারতকে শাসন করা আর তাদের পক্ষে সম্ভব নয়। অবশেষে ১৯৪৭ সালের ১৫ ই আগস্ট ভারত স্বাধীন হয়।১৯৪৭ সালের ১৫ ই আগস্ট ভারতের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ দিন। প্রতিটি ভারতীয় নাগরিকের জন্য সম্মান ও গর্বের দিন। বিপ্লবীরা শুধু ভারতের মাটি থেকে ব্রিটিশদের উখাত করেন নি। বরং ভবিষ্য প্রজন্ম কে ভারতীয় সংস্কৃতি ও ঐতিহ্যের বৃদ্ধি ও বিকাশের জন্য রক্ষা করেছেন।১৯৪৭ সালের ১৫ ই আগস্ট জহরলাল নেহেরু ভারতের প্রথম প্রধানমন্ত্রী পদে শপথ গ্রহণের পর দিল্লির লালকেল্লায় ভারতের জাতীয় পতাকা উত্তোলন করেন। এরপর থেকে প্রতিবছর স্বাধীনতা দিবস উপলক্ষে ভারতের প্রধানমন্ত্রী লাল কেল্লায় জাতীয় পতাকা উত্তোলন করেন এবং জাতির উদ্দেশ্যে ভাষণ দেন। স্বাধীনতা দিবসে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত ও দেশাত্মবোধক গান, প্রভাত ফেরী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে সারাদেশে স্বাধীনতা দিবস পালন করা হয়। এই দিন দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলিতেও জাতীয় পতাকা উত্তোলন এবং সমবেত কন্ঠে জাতীয় সংগীত ও দেশাত্মবোধক গানে আলো বাতাস মুখরিত হয়ে উঠে।আমরা একটি স্বাধীন দেশের স্বাধীন জাতির অংশ হতে পেরে গর্ব বোধ করি।

সমাজের উন্নয়নের জন্য দরকার মেয়েদের ক্ষমতায়ন ঃ মুখ্যমন্ত্রী

কলকাতা, ১৪ আগস্ট ঃ কন্যাশ্রী দিবসের শুভেচ্ছা জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কন্যাশ্রী দিবসে নারী ক্ষমতায়নে বিশেষ জোর দিয়ে মুখ্যমন্ত্রী জানান, আমরা শুধু মুখে নারী ক্ষমতায়নের কথা বলি না। আমরা করে দেখাই। বৃহস্পতিবার সকালে এক্স মাধ্যমে মুখ্যমন্ত্রী জানান, আজ কন্যাশ্রী দিবস। আমাদের সকলের গর্বের কন্যাশ্রী প্রকল্প ১২ বছরে পা দিল। সারা বিশ্ব জুড়ে, সারা দেশ জুড়ে, সারা বাংলা জুড়ে সকল কন্যাশ্রীদের জানাই অনেক অনেক অভিনন্দন। সমাজে মেয়েদের ক্ষমতাযণের ক্ষেত্রে এতো অল্প সময়ে এতো বড় প্রভাব অন্য কোনও সরকারি প্রকল্পের আছে বলে আমার অন্তত জানা নেই!মুখ্যমন্ত্রী আরও জানান, আমি সবসময় মনে করি, যে সমাজে মেয়েরা ভালো থাকে না, সেই সমাজ কখনও ভালো থাকতে পারে না। সমাজের উন্নয়নের জন্য দরকার মেয়েদের ক্ষমতায়ন। এটা আমার গর্ব, আজ আমাদের রাজ্যে ৯৩ লক্ষের বেশি ' এই প্রকল্পে তাদের হাতে তুলে দেওয়া হয়েছে সাড়ে সতেরো হাজার কোটি টাকা। আমরা শুধু মুখে নারী ক্ষমতায়নের কথা বলি না। আমরা করে দেখাই। আমি সকল কন্যাশ্রীদের বলব জীবনে অনেক বড় হও এবং দেশের মুখ উজ্জ্বল করো, রাজ্যের মুখ উজ্জ্বল করো। তোমরাই একদিন বিশ্ব বাংলা গড়বে। তোমরাই বিশ্বে সম্মানের মুকুট নিজেদের মাথায় পরবে। জয় হিন্দ! জয় বাংলা! জয় কন্যাশ্রী!

রাশিফল

মেষঃরাশির জাতক জাতিকাদের জন্য এই দিনটি ইতিবাচক শক্তি এবং নতুন সম্ভাবনায় পূর্ণ হবে। আপনার পছন্দের কাজে লিপ্ত হয়ে আপনি আপনার মনকে খুশি রাখবেন। সামাজিক যোগাযোগ এবং নতুন সম্পর্ক তৈরির জন্য এটি একটি দুর্দান্ত সময়। যদি আপনি কোনও পুরনো বন্ধুর সঙ্গে দেখা করেন, তবে আপনাদের মধ্যে একটি বিশেষ মুহূর্ত তৈরি হবে।

বৃষঃ সাফল্য হাতের নাগালে এলেও শক্তি কমে আসবে। আপনি আজ আপনার মায়ের পক্ষ থেকে আর্থিক সুবিধা পেতে পারেন। আপনার মামা বা মাতামহের পক্ষে আপনাকে আর্থিকভাবে সহায়তা করা সম্ভব।

মিথুনঃ আজকের দিনটি মিথুন রাশির জাতক জাতিকাদের জন্য নতুন সুযোগে পূর্ণ হবে। আপনার যোগাযোগ দক্ষতা এই দিন খুব শক্তিশালী হবে, যা আপনাকে স্পষ্টতার সঙ্গে আপনার চিন্তাভাবনা

কর্কট রাশি ঃ অপ্রত্যাশিত ভ্রমণ ক্লান্তিকর হতে পারে যা আপনাকে উন্মত্ত করে তুলবে। আপনার শরীরকে তেল দিয়ে মালিশ করা পেশীগুলিকে আরাম দেবে।

সিংহঃসিংহ রাশির জাতক জাতিকাদের জন্য এই দিনটি শক্তি এবং আত্মবিশ্বাসের ক্রমবর্ধমান উস হতে চলেছে। আপনি যে কাজেই হাত দিন না কেন, তাতেই সাফল্যের সম্ভাবনা বেশি। আপনি আপনার চিন্তাভাবনা স্পষ্ট ভাবে প্রকাশ করার সুযোগ পাবেন, যা আপনার ব্যক্তিগত এবং পেশাদার সম্পর্ককে শক্তিশালী করবে।

কন্যা ঃযার অস্তিত্ব আছে সেইদিকে আপনার চিন্তা এবং উদ্যম চালনা করুন। শুধু চিন্তা করে গেলে কিছু লাভ নেই। আপনার সমস্যা হল আপনার চেষ্টা করেন না কেবল সে সম্পর্কে ধারণা পোষণ করেন। যদি আপনি আপনার বন্ধুদের সাথে বেড়াতে যাওয়ার পরিকল্পনা করে থাকেন তবে চিন্তাভাবনা ।

তুলাঃ আজকের দিনটি তুলা রাশির জাতক জাতিকাদের জীবনে নতুন সতেজতা এবং উৎসাহ নিয়ে. আসতে চলেছে। আপনি আপনার কল্পনাগুলিকে বাস্তবে রূপান্তরিত করার জন্য অনুপ্রাণিত বোধ করবেন। এটি আপনার আইডিয়াগুলি বাস্তবায়নের সময়।

বৃশ্চিকঃস্বাস্থ্যের দিক দিয়ে এই সময়কালটি মন্দ যাবে, কাজেই আপনি কি খাচ্ছেন সে ব্যাপারে সতর্ক হোন। আজ আপনার সামনে অনেক নতুন আর্থিক স্কিমের উপস্থাপন করা হবে- কোনো প্রতিশ্রুতি করার আগে ভালো করে

ধনুঃধনু রাশির জাতক জাতিকাদের জন্য দিনটি শক্তিতে পূর্ণ হতে চলেছে। আপনি আপনার চিন্তাভাবনা স্পষ্ট ভাবে প্রকাশ করার সুযোগ পাবেন, এতে আপনার চারপাশের মানুষেরা আপনাকে বুঝতে পারবেন। ।

মকরঃ ভালো করে না ভেবে লগ্নি করলে অর্থের অপচয় হবে। চর্মরোগ ও শারীরিক অবসাদে ভুগবেন।

কুম্ভঃ আজকের দিনটি কুম্ভ রাশির জাতক জাতিকাদের জন্য ইতিবাচক শক্তি এবং নতুন সুযোগে পূর্ণ হবে।

মীনঃ ব্যস্ত সময়সূচী সত্ত্বেএ স্বাস্থ্য সুন্দর থাকবে। আর্থিকভাবে, আপনি সবল থাকবে। গ্রহ এবং নক্ষত্রের উপকারী স্থানের কারণে আপনি আজ অর্থ উপার্জনের অসংখ্য সুযোগ পেয়ে যাবেন। অবিলম্বে আপনার বাড়ির চারপাশে কিছু

বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস দায়িত্বের কথা মনে করিয়ে দেয়ঃপ্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১৪ আগস্ট ঃ দেশভাগের যন্ত্রণার কথা স্মরণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৃহস্পতিবার সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী মোদী জানিয়েছেন, বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস আমাদের দায়িত্বের কথাও মনে করিয়ে দেয়। প্রধানমন্ত্রী মোদী এক্স মাধ্যমে লিখেছেন, ভারত বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস পালন করছে, আমাদের ইতিহাসের সেই মর্মান্তিক অধ্যায়ে অগণিত মানুষের উত্থান-পতন ও যন্ত্রণার কথা স্মরণ করছে দেশ। এটি তাঁদের সাহসকে সম্মান করার দিন। প্রধানমন্ত্রী মোদী আরও জানিয়েছেন, এই দিনটি আমাদের দেশকে একত্রিত করে রাখা সম্প্রীতির বন্ধনকে শক্তিশালী করার জন্য আমাদের স্থায়ী দায়িত্বের কথাও স্মরণ করিয়ে দেয়।২০২১ সাল থেকে পালিত হচ্ছে 'বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস'। সেবার প্রধানমন্ত্রী নরেন্দ্রদ্র মোদী এই দিনটি পালনের ঘোষণা করেন। দেশভাগের সময় যাঁরা নিহত হয়েছেন, দেশভাগের সময় যাঁরা আত্মবলিদান দিয়েছেন তাঁদের স্মরণ করে এই দিনটি। দেশভাগের যন্ত্রণা বুকে নিয়ে ১৪ আগস্ট আনুষ্ঠানিকভাবে ভাগ হয়েছিল ভারত। সালটা ১৯৪৭ সাল। সেদিন ১৪ অগস্ট জন্ম নেয় নতুন রাষ্ট্র পাকিস্তান। পরের দিন ১৫ অগস্ট ভারতের স্বাধীনতা দিবস পালিত হয়। এই ১৪ আগস্ট দিনটিকে ভারতে ' বিভীষিকা স্মৃতি দিবস' হিসাবে পালন করা হয়। এই ঐতিহাসিক দিনের নেপথ্যে রয়েছে বিভাজনের এক করুণ স্মৃতি।

বিলোনিয়া স্টেশনে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস -এর স্টপেজের সূচনা

বিলোনিয়া (ত্রিপুরা), ১৪ আগস্ট ঃ দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটিয়ে বৃহস্পতিবার সকাল ৬ টা ৪৫ মিনিটে শিয়ালদহ যাওয়ার পথে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস থামল দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনিয়া স্টেশনে। এই আবেগঘন অনুষ্ঠানের সাক্ষী থাকলেন বিলোনিয়াবাসী।কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস-এর বিলোনিয়া স্টেশনে নতূন স্টপেজের সুচনাকে সামনে রেখে স্টেশন চত্বরে অনুষ্ঠানের আয়োজন করা হয়। ব্যান্ড বাজিয়ে, জনগণের ক।তালি ও স্লোগানের মধ্য দিয়ে বিলোনিয়া স্টেশনে কাঞ্চনজঙ্ঘার নতূন স্টপেজকে স্বাগত জানানো হয়।এদিন কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস-এর স্টপেজের শুভ সুচনার মূহুর্তে উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, জেলা সভাধিপতি দীপক দত্ত, বিধায়িকা স্বপ্না মজুমদার, বিধায়ক দীপঙ্কর সেন ও অশোক মিত্র , বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ, জেলা শাসক মহম্মদ সাজাদ পি, রেলওয়ের বদরপুর ডিভিশনের এরিয়া ম্যানেজার বীরেন্দ্র মিনা সহ অন্যান্যরা।কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস -এর স্টপেজের সুচনাকে স্মরণীয় করে রাখতে ভোর থেকেই মানুষের সমাগম লক্ষ করা যায় রেল স্টেশনে। অনুষ্ঠান মঞ্চে উপস্থিত অতিথিরা বক্তব্য রাখার পর সবুজ পতাকা নেড়ে বিলোনিয়া স্টেশন থেকে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস-এর যাত্রার শুভ সূচনা করেন সাংসদ রাজীব ভট্টাচার্য সহ অন্যান্যরা।

দিল্লি পথকুকুর মামলায় রায় আপাতত সংরক্ষিত

নয়াদিল্লি, ১৪ আগস্ট ঃ দিল্লির পথকুকুরদের সরানো নিয়ে বৃহস্পতিবার শুনানি হলো সুপ্রিম কোর্টের নতুন বেঞ্চে। বৃহস্পতিবার বিচারপতি বিক্রম নাথ, বিচারপতি সন্দীপ মেহতা এবং বিচারপতি এন ভি আঞ্জারিয়ার বেঞ্চে মামলাটির শুনানি হয়। আপাতত রায় সংরক্ষিত রাখা হয়েছে।দিল্লি এবং সংলগ্ন এলাকাকে পথকুকুর মুক্ত করার সুপ্রিম নির্দেশ নিয়ে দেশজুড়ে তোলপাড় পড়ে যায়। এই আবহে রায় খতিয়ে দেখার আশ্বাস দিয়েছিলেন প্রধান বিচারপতি বি আর গাভাই। এর পরেই নতুন বেঞ্চ তৈরি করে দিয়েছিল শীর্ষ আদালত। বৃহস্পতিবার বিচারপতি বিক্রম নাথ, সন্দীপ মেহতা ও এনভি আঞ্জারিযার বিশেষ বেঞ্চে মামলাটির শুনানি হয়। এদিন আপাতত রায় সংরক্ষিত রাখা হয়েছে।উল্লেখ্য, দিল্লির রাস্তার সব কুকুরকে আট সপ্তাহের মধ্যে সরানোর নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্টের বিচারপতি জে বি পারদিওয়ালার নেতৃত্বাধীন দুই সদস্যের বেঞ্চ। দেশব্যাপী এই নিয়ে চর্চার ফলে বুধবার সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি বি আর গাভাই পুনরায় শুনানির আশ্বাস দেন। বুধবারই নতুন বেঞ্চ গঠন করে প্রধান বিচারপতির কার্যালয়।প্রসঙ্গত, দিল্লি ও তার লাগোয়া এলাকা থেকে পথকুকুরদের সরিয়ে নির্দিষ্ট পশু আশ্রয় কেন্দ্রে স্থায়ী ভাবে রাখার নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্টের ডিভিশন বেঞ্চ। ১১ আগস্টের ওই নির্দেশ নিয়ে সরব হয় পশুপ্রেমীদের একাধিক সংগঠন। তাকে কেন্দ্র করে নতুন মামলাও হয়। প্রধান বিচারপতি জানিয়েছিলেন, তিনি বিষয়টি দেখবেন। তার পরেই বুধবার বিকেলে তাঁর অফিস থেকে নতুন বেঞ্চ গঠন করা হয় এই সংক্রান্ত মামলা শোনার জন্য।এদিন সেই মামলারই শুনানিতে আপাতত রায় সংরক্ষিত রাখা হয়েছে।

শিলচরে মহাসমারোহে ৭৯-তম স্বাধীনতা দিবস উদযাপনের প্রস্তুতি চূড়ান্ত

শিলচর (অসম), ১৪ আগস্টঃ ৭৯-তম স্বাধীনতা দিবস উপলক্ষ্যে শিলচরে এ বছর এক অনন্য উদযাপনের আয়োজন করেছে কাছাড় জেলা প্রশাসন। জাতীয় ঐক্য, দেশপ্রেম ও সামাজিক সম্প্রীতির চেতনাকে আরও গভীর করে তুলতে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, সামাজিক সংগঠন এবং নাগরিক সমাজের সম্মিলিত অংশগ্রহণে সারা দিনব্যাপী কর্মসূচি অনুষ্ঠিত হবে। প্রতিটি মুহূর্ত ভরে উঠবে দেশাত্মবোধ, শ্রদ্ধা ও সৌহার্দ্যের উজ্জ্বল বার্তায়।গত বুধবার শিলচরে অবস্থিত বরাক উপত্যকার তথ্য ও জনসংযোগ বিভাগের আঞ্চলিক কার্যালয় থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে এ খবর জানিয়ে বলা হয়েছে, আজী শুক্রবার স্বাধীনতা দিবসের সূচনা হবে ভোর ৫-টা ৩০ মিনিটে জনসংযোগ বিভাগের উদ্যোগে শহরের স্থায়ী মাইক যোগে এবং একই সাথে একটি মোবাইল ভ্যানের মাধ্যমে দেশাত্মবোধক সংগীত সম্প্রচার, যা সকাল ৬-টা ৩০ মিনিট পর্যন্ত চলবে। এর মাধ্যমে নাগরিকদের মধ্যে স্বাধীনতার মাহাত্ম্য ও ত্যাগের ইতিহাসের সুর ছড়িয়ে .দেওয়া. হবে। সকাল ৭-টায় ব্যক্তিগত বাসভবন ও বেসরকারি প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে সূচিত হবে আনুষ্ঠানিক কর্মসূচি।সকাল ৭-টা ৩০ মিনিটে সরকারি দফতর, সরকারি আবাসন, বিদ্যালয, মহাবিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে একযোগে জাতীয় পতাকা উত্তোলন অনুষ্ঠিত হবে।সকাল ৮-টায় এক বর্ণাঢ্য ও শৃঙ্খলাপূর্ণ শোভাযাত্রা শুরু হবে। এতে বিদ্যালয়সমূহের পরিদর্শক এবং উপ-পরিদর্শক এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নেতৃত্বে স্কুল ও কলেজের শিক্ষার্থীরা নানা রঙের পোশাক ও জাতীয় পতাকার শোভায় সজ্জিত হয়ে জেলা ক্রীড়া সংস্থার ময়দানের উদ্দেশ্যে যাত্রা করবে। সকাল ৮-টা ৩৫ মিনিটে গান্ধীবাগে মহাত্মা গান্ধীর প্রতিমূর্তিতে মাল্যদান এবং সকাল ৮টা ৪৫ মিনিটে শহিদ বেদীতে পুস্পার্ঘ্য অর্পণ করে তাঁদের আত্মত্যাগকে স্মরণ করা হবে।সকাল ৮-টা ৫৫ মিনিটে প্রধান অতিথি জেলা ক্রীড়া সংস্থার ময়দানে সম্মানীয় আসন গ্রহণ করবেন এবং সকাল ৯-টায় জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শুরু হবে মূল অনুষ্ঠান। এ উপলক্ষ্যে ষষ্ঠ আসাম পুলিশ ব্যাটালিয়ন, জেলা পুলিশ, ট্রাফিক পুলিশ, সিআরপিএফ, হোমগার্ড, এনসিসি, স্কাউট অ্যান্ড গাইড এবং বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের সমন্বয়ে আয়োজিত হবে এক মনোমুগ্ধকর সম্মিলিত কুচকাওয়াজ।সকাল ১০টা ৩০ মিনিটে অতিথিদের জন্য আয়োজন হবে সরকারি আবর্ত ভবনে সৌজন্য সংবর্ধনার। সকাল ১১টায় শিলচর চেম্বার অব কমার্সের সৌজন্যে রেড ক্রস হাসপাতালে ভর্তি রোগীদের মধ্যে এবং সকাল ১১টা ২০ মিনিটে শিলচর ফুডগ্রেইন মার্চেন্ট স অ্যাসোসিয়েশনের উদ্যোগে কেন্দ্রীয়. কারাগারে বন্দিদের মধ্যে ফল বিতরণ করা হবে।শিলচর বেকারি অ্যাসোসিয়েশন, লায়ন্স ক্লাব, সাউদার্ন আসাম ড্রাগ ডিলার্স অ্যাসোসিয়েশন, কাছাড় মার্চেন্টস অ্যাসোসিয়েশন, শিলচর ডেভেলপমেন্ট অথরিটি, শিলচর চেম্বার অব কমার্স, জলসম্পদ দফতর ও সেচ দফতরের সহযোগিতায় জেলার বিভিন্ন অনাথ-আশ্রম, হাসপাতাল, ক্যানসার হাসপাতাল, চক্ষু হাসপাতাল, বৃদ্ধাশ্রম এবং সমাজসেবা কেন্দ্রগুলোতে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। এর মধ্যে রয়েছে নির্মলা অনাথ-আশ্রম, কাছাড় ক্যানসার হাসপাতাল, লায়ন্স চক্ষু হাসপাতাল, শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, শিবসন্দরী নারী শিক্ষা কেন্দ্র, নিবেদিতা শিশু গৃহ, শ্রীকোণায় সু ন্দারীমোহন সেবা সদন এবং সতীন্দ্রমোহন দেব সিভিল হাসপাতাল।বেলা একটায় রোটারি ক্লাব, শিলচরের ব্যবস্থাপনায় আয়োজন হবে এক সৌহার্দ্যপূর্ণ গণভোজ। বিকাল ৪-টা ৩০ মিনিটে জেলা ক্রীড়া সংস্থার ময়দানে অনুষ্ঠিত হবে প্রীতি ফুটবল ম্যাচ, জেলা প্রশাসন একাদশ বনাম জেলা বার অ্যাসোসিয়েশন একাদশ।বিকাল ৫-টা ৫৩ মিনিটে জাতীয় পতাকা যথাযোগ্য মর্যাদায় নামানো হবে এবং সন্ধ্যা ৬-টায় সরকারি দফতর ও শহরের বিশিষ্ট বিদ্বজ্জনের মর্মর মূর্তিগুলো আলোকসজ্জায় সেজে উঠবে, যা স্বাধীনতার ৭৯-তম বর্ষপূর্তির উদযাপনকে দেবে এক উজ্জ্বল ও গৌরবোজ্জ্বল সমাপ্তি।কাছাড় জেলা প্রশাসন জেলার সকল নাগরিককে আন্তরিকভাবে আহ্বান জানিয়েছে, এই মহোৎসবে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে স্বাধীনতার চেতনাকে আরও দৃঢ় করতে, যাতে এই উদযাপন চিরস্মরণীয় হয়ে থাকে আগামী প্রজন্মের কাছে জাতীয় ঐক্য, দেশপ্রেম ও সামাজিক সৌহার্দ্যের এক অনন্য দৃষ্টান্ত হিসেবে।আসন্ন ৭৯-তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে সারা দেশে চলমান ' ঘর তিরঙ্গা' উদ্যোগের অংশ হিসেবে কাছাড় জেলা প্রশাসন সকল ব্যবসায়ী, ট্রেড লাইসেন্সধারী, হোটেল, মল, বাণিজ্যিক প্রতিষ্ঠান ও ব্যবসা পরিচালনাকারীদের প্রতি এই ঐতিহাসিক দিনটি গর্ব ও মর্যাদার সঙ্গে উদযাপনের আন্তরিক আহ্বান জানিয়েছে।পুর বাজারের সকল ব্যবসায়ী ও ট্রেড লাইসেন্সধারীদের আজ (১৩ আগস্ট) থেকে ১৫ আগস্ট (২০২৫) পর্যন্ত তাঁদের প্রতিষ্ঠানে ভারতের জাতীয় পতাকা উত্তোলন

ঘন ঘন ভূমিকম্পে কাঁপছে উত্তর-পূর্বাঞ্চলের ধরিত্রী



গুয়াহাটি, ১৪ আগস্ট ঃ ঘন ঘন ভূমিকম্পে কাঁপছে উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যের ধরিত্রী। এবার ২.৮ রিখটার স্কেলের কম্পন অনুভূত হয়েছে অসমের ধুবড়ি, দক্ষিণ শালমারা-মানকাচর, বঙাইগাঁও, কোকরাঝাড় জেলা সহ সংলগ্ন এলাকায়।ন্যাশনাল সেন্টার ফর সিসমোলোজি তাদের এক্স হ্যান্ডলে এ তথ্য দিয়ে জানিয়েছে, বৃহস্পতিবার ভোররাত ০১টা ০১ মিনিট ১৮ সেকেন্ডে অসমের ধুবড়ি, দক্ষিণ শালমারা-মানকাচর, বঙাইগাঁও, কোকরাঝাড় জেলায় ২.৮ মাত্রার ভূমিকম্প সংঘটিত হয়েছে। ভূমিকম্পের উসস্থল ছিল ধুবড়ির ভূপৃষ্ঠের ১০ কিমি গভীরে ২৬.২৮ও উত্তর অক্ষাংশ এবং ৮৯.৪৭ও পূর্বে।এখানে উল্লেখ করা যেতে পারে, চলতি আগস্টে ১২ বার ভূমিকম্পে কেঁপেছে উত্তর-পূর্ব্বাঞ্চলের তিন রাজ্য অসম, অরুণাচল প্রদেশ এবং মণিপুর। গত ১১ আগস্ট মধ্যাহ্ন ১২টা ০৮ মিনিট ৩৭ সেকেন্ডে অসমের কারবি আংলং জেলায় ৩.১ মাত্রার ভূমিকম্প সংঘটিত হয়েছে। ভূমিকম্পের উৎসস্থল ছিল জেলার ভূপৃষ্ঠের ০৫ কিমি গভীরে ২৫.৮৬ও উত্তর অক্ষাংশ এবং ৯৩.৪২ও পূর্বে। অনুরূপভাবে ভোর ০৫টা ৪৭ মিনিট ৩৩ সেকেন্ডে অরুণাচল প্রদেশের ক্রা দাদি অঞ্চল কেঁপেছে ২.৮ প্রাবল্যের ভূমিকম্পে। ভূমিকম্পের উৎসস্থল ছিল ক্রা দাদির ভূপৃষ্ঠের ১০ কিমি গভীরে ২৭.৬৬ও উত্তর অক্ষাংশ এবং ৯৩.৭১ও পূর্বে।এছাড়া ১০ আগস্ট রাত ০৭টা ৫৫ মিনিট ১৭ সেকেন্ডে ২.৯ মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে অসমের নলবাড়ি জেলায়। ওই ভূমিকম্পের উৎসস্থল ছিল নলবাড়ি জেলার ভূপৃষ্ঠের ১০ কিমি গভীরে ২৬.২২ও উত্তর অক্ষাংশ এবং ৯১.৩০ও পূর্বে।তাছাড়া ওইদিন ১০ আগস্ট বেলা ০২টা ১৬ মিনিট ২০ সেকেন্ডে মণিপুরের চূড়াচাঁদপুর জেলায় ভূমিকম্প সংঘটিত হয়েছে। রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ধরা পড়েছে ৩.৪। অন্যদিকে ৯ আগস্ট রাত ০৮টা ৪০ মিনিট ৫৪ সেকেন্ডে অসমের শোণিতপুর জেলা কেঁপেছে ২.৯ প্রাবল্যের ভূমিকম্পে। অনুরূপভাবে ৯ আগস্টই অরুণাচল প্রদেশের দিবাংভ্যালিতে ভোর ০৪টা ৫২ মিনিট ০৩ সেকেন্ডে ৩.৫ মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে। গত ৭ আগস্ট রাত ০৯টা ২৫ মিনিট ৩৪ সেকেন্ডে নগাঁও জেলা কেঁপেছে ৩.৮ প্রাবল্যের ভূমিকম্পে। গত ৫ আগস্ট মধ্যরাত ১২টা ৪০ সেকেন্ড ৫৫ মিনিটে অরুণাচল প্রদেশের কুরুংকুমে জেলায় ৩.০ তীব্রতার ভূমিকম্প অনুভূত হয়েছে।

TYROON TEA COMPANY LIMITED
CIN :L15421WB1890PLC000612
Registered Office: 3, NETAJI SUBHAS ROAD , KOLKATA - 700 001
Phone No. (033) 22483236
Email: info@tyroontea.com , Website : www.tyroontea.com

STATEMENT OF STANDALONE UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30TH JUNE, 2025

(Rs. In Lakhs)

Sl. No	Particulars	Quarter ended 30.06.25 Unaudited	Quarter ended 31.03.25 Audited	Quarter ended 30.06.24 Unaudited	Year ended 31.03.25 Audited
1	Income from Operations (Net)	690.77	407.00	961.67	4,357.66
2	Profit / (Loss) before tax and exceptional Items	8.24	(640.47)	235.44	372.28
3	Exceptional Income / (Expenses)	-	-	-	-
4	Profit / (Loss) before tax and after exceptional Items	8.24	(640.47)	235.44	372.28
5	Net Profit / (Loss) after Tax	8.24	(677.15)	235.44	330.79
6	Total Comprehensive Income/ (Expenses) for the period [Comprising Profit /(Loss) and other Comprehensive Income / (expenses) for the period]	15.36	(702.15)	261.07	349.04
7	Paid up Equity Share Capital (Face Value Rs.10/-each)	351.20	351.20	351.20	351.20
8	Reserve Excluding Revaluation Reserve	-	-	-	3,770.15
9	Earning per Equity Share - EPS (of Rs. 10/- Each) Basic and Diluted (Rs.)	0.24	(19.90)	6.92	9.72

Note:
1 The above Finacial Result have been reviewed by the Audit Committee and have been approved by the Board of Directors of the Company at their respective meeting held on 14th August, 2025. The Statutory Auditor of the Company have carried out a limited review of the same.
2 The above is an extract of the detailed format for Quarter ended 30th June, 2025. Financial Results as per Ind AS filed with the stock exchanges under Regulation 33 of the SEBI (Listing and other Disclosure Requirement) Regulation 2015. The full format of the Quarter ended Financial Results is available on the stock exchanges website www.bseindia.com and on the Company's Website www.tyroontea.com

For and on behalf of the Board of Director
Tyroon Tea Company Limited
(Anuradha Jalan)
Chairman
DIN : 09059592

Place : Kolkata
Date : 14th Day of August, 2025.

আবহাওয়া

বিক্ষিপ্তভাবে বৃষ্টি হলেও, কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা। ভ্যাপসা গরমে নাস্তানাবুদ শহরবাসী, একটু একটু করে বাড়ছে তাপমাত্রাও। আগামী ২৪ ঘণ্টায় দক্ষিণবঙ্গের কোথাও ভারী বৃষ্টির সম্ভাবনা। আগামী রবিবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.৮ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২.০ ডিগ্রি বেশি।আলিপুর আবহাওয়া দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, চলতি সপ্তাহে আবারও বঙ্গোপসাগরের উপরে তৈরি হতে পারে নিম্নচাপ অঞ্চল। তার প্রভাবে সপ্তাহের মধ্যভাগে কলকাতা-সহ দক্ষিণের সব জেলায় ঝড়-বৃষ্টির জন্য হলুদ সতর্কতা জারি করা হয়েছে। উত্তরের জেলাগুলিতে দুর্যোগ চলতে পারে বৃহস্পতিবার পর্যন্ত। রয়েছে অতি প্রবল বৃষ্টির পূর্বাভাস। রবিবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৮ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ১.৩ ডিগ্রি বেশি।তাপমাত্রা- ৩১ ডিগ্রী সেলসিয়াস। সর্বনির্ম্ন- ২৫ ডিগ্রী সেললিয়াস। আপেক্ষিক আর্দ্রতা ৯১ শতাংশ এবং ৮৮সর্বনিম্ন শতাংশ হয়। বৃষ্টিপাত হয়েছে ০২.১ মিলিমিটার পর্যন্ত মনে করা হয়।জোয়ার-সকাল ০৮টা ৫৫মিনিট এবং রাত ১০টা ৫৫মনিট। ভাটা-দুপুর ০২টা ৫৫মনিট এবং রাত ১১টা ৫৫মনিট। সূর্যঃউদয় ঃ সকাল ৫টা ০৫মিনিটে এবং অস্ত যাবে আজ ৬টা ১৮মিনিটে

‘ছোট আয়তনের প্লটেও বাড়ি তৈরির অনুমতি’ — ফিরহাদ হাকিম

দুরন্তবার্তা, নিজস্ব প্রতিনিধি ঃ কলকাতা পৌরসভা এবার এক বৈপ্লবিক সিদ্ধান্ত নিয়ে ফেললো। তার আগে অবশ্য মমতা বন্দ্যোপাধ্যায় ও মন্ত্রীসভা সেই সিদ্ধান্তকে অনুমোদন করেন। সোমবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে নবান্নে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে ছোট জমিতে বাড়ি নির্মাণের জন্য অতিরিক্ত ক্ষমতা দেওয়ার সিদ্ধান্তে অনুমোদন দেয় মন্ত্রিসভা। তার ৪৮ ঘণ্টা কাটতে না কাটতেই বুধবার থেকে সেই সিদ্ধান্ত কার্যকর করতে পদক্ষেপ করল কলকাতা পুরসভা। এর ফলে দীর্ঘদিন ধরে জমির আয়তনের সীমাবদ্ধতার কারণে বাড়ি নির্মাণে জটিলতার মুখে আটকে পড়া রাস্তা খুলে গেল বলেই মত পুরসভা বিল্ডিং বিভাগের আধিকারিকদের। বুধবার কলকাতা পুরসভার মেয়র পরিষদের বৈঠকে তিনটি গুরুত্বপূর্ণ প্রস্তাব অনুমোদিত হয়। এর মধ্যে অন্যতম ছিল ছোট জমিতে বাড়ি নির্মাণের জন্য বিল্ডিং প্ল্যান অনুমোদনের বিষয়টি। মেয়র ফিরহাদ হাকিম বলেছেন, ‘মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী ছোট আয়তনের প্লটেও বাড়ি তৈরির অনুমতি দেওয়া হবে। আজ থেকেই আমরা সেই বিল্ডিং প্ল্যান স্যাংশন দেওয়া শুরু করেছি।’ এতদিন পর্যন্ত একটা নির্দিষ্ট পরিমাণ জমি না থাকলে বাড়ি করার অনুমোদন দেওয়া হতো না। ফলে ছোট জমি গুলোর উপর বাড়ি করা সম্ভব হতো না জমি মালিকদের। এবার সেই সমস্যা মিটলো। মেয়র বলেন, ‘এতে শুধু সাধারণ মানুষের বাড়ি তৈরির স্বপ্নই পূরণ হবে না, বরং পুরনো এলাকার সংস্কার ও উন্নয়ন ত্বরান্বিত হবে।’ তিনি আরও জানান, ছোট জমিতে বাড়ি নির্মাণের ক্ষেত্রে পুরসভার বিল্ডিং সেফটি ও ফায়ার সেফটির নিয়ম মানা বাধ্যতামূলক।

শিয়ালদায় অস্ত্র সহ গ্রেফতার দুষ্কৃতী

দুরন্তবার্তা, নিজস্ব প্রতিনিধি, কলকাতাঃ শিয়ালদা কোর্ট ও স্টেশনের মত চরম ব্যস্ত জায়গায় দুষ্কৃতীর আনাগোনা ভাবিয়ে তুলেছে পুলিশকে। তা আবার প্রমাণ হল বুধবার। জানা যাচ্ছে, শিয়ালদহ কোর্ট কমপ্লেক্সের সামনে কর্তব্যরত অবস্থায়, শিয়ালদহ ট্রাফিক গার্ডের হোমগার্ড সুজিত খারা একজনকে বেলেঘাটা মেইন রোডের দিকে এগিয়ে যেতে দেখেন। সুজিত লক্ষ্য করেন যে, লোকটির টি-শার্টের ভেতরে কোমর থেকে কিছু একটা বেরিয়ে আছে। হোমগার্ড সুজিতের সঙ্গে চোখাচোখি হলে, লোকটি সন্দেহজনকভাবে দ্রুত পালিয়ে যাওয়ার চেষ্টা করে বলে পুলিশ সূত্রে খবর। পুলিশ সূত্রে খবর লোকটির এই গতিবিধি দেখে, হোমগার্ড সুজিত খারা এবং সিভিক ভলান্টিয়ার রণবীর সিং তাকে আটকান এবং তার কাছ থেকে একটি দেশীয় আগ্নেয়াস্ত্র উদ্ধার করেন। মূলত একটি সিঙ্গেল শট শায়ার বন্দুক। পরে তারা সঙ্গে সঙ্গে বিষয়টি ঘটনাস্থলের কাছাকাছি কর্তব্যরত শিয়ালদহ ট্রাফিক গার্ডের সার্জেন্ট হিরণ্ময় সরকারকে বিষয়টি জানান। পরবর্তীতে প্রয়োজনীয় জিজ্ঞাসাবাদ এবং আইনানুগ পদক্ষেপের জন্য সার্জেন্ট হিরন্ময় সরকার লোকটিকে এন্টালি থানার কর্তব্যরত অফিসারের কাছে হস্তান্তর করেন। পুলিশ সূত্রে খবর লোকটির নাম পঙ্কজ বিশ্বাস। ট্যাংরার পটারি রোডের বাসিন্দা। বাবা তোতন বিশ্বাস। কীভাবে তার কাছে এই আগ্নেয়াস্ত্র এল? কেনইবা এই আগ্নেয়াস্ত্র নিয়ে বেরিয়েছিল এই পঙ্কজ তা এখনও জানা যায়নি। এর তদন্ত শুরু করেছে এন্টালি থানার পুলিশ।

নদীয়ায় তৃণমূলকে চাঁচাছোলা আক্রমণ শমীক ভট্টাচার্যের

দুরন্তবার্তা, নিজস্ব সংবাদ দাতা, নদীয়াঃ বিজেপির রাজ্য সভাপতি হবার পর প্রথম শুক্রবার নদীয়ায় একাধিক কর্মসূচীতে যোগ দিতে আসেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। শুক্রবার নদীয়ার কৃষ্ণনগরে এক সংবর্ধনা সভা ও বিভাজন বিভীষিকা সভায় যোগদান দিতে এসে রাজ্যের শাসক দলকে তীব্র ভাষায় আক্রমণ করেন শমিক ভট্টাচার্য। তিনি বলেন এই রাজ্য সরকারের উদাসীনতার কারণে উচ্চ মাধ্যমিকের ফল প্রকাশের পর কয়েক মাস কেটে গেলেও আজও ছাত্র-ছাত্রীরা ভর্তি হতে পারছেন না। পাশাপাশি হিন্দু ওবিসি তালিকা ভুক্ত মানুষের অধিকার কেড়ে নেয়ার চেষ্টা করছে তৃণমূল শাসিত এই রাজ্য সরকার। আজ নদিয়ার কৃষ্ণনগরে ভারতীয় জনতা পার্টির আয়োজিত সংবর্ধনা সভা ও বিভাজন বিভীষিকা সভায় উপস্থিত হয়ে রাজ্য সরকার তথা তৃণমূল কংগ্রেসকে সরাসরি আক্রমণ করলেন বিজেপির নব নিযুক্ত রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য। বৃহস্পতিবার দুপুরে নদীয়ার কৃষ্ণনগরে বিজেপির দলীয় অনুষ্ঠান সংবর্ধনা সভা ও বিভাজন বিভীষিকা সভায় যোগদান করেন শমিক ভট্টাচার্য। এছাড়াও উপস্থিত ছিলেন নদীয়া দক্ষিণ সাংগঠনিক জেলা বিজেপির সভাপতি অর্জুন বিশ্বাস সহ অন্যান্য বিজেপি নেতা কর্মী সমর্থকেরা। অনুষ্ঠানে যোগ দিতে এসে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সরাসরি রাজ্য সরকার তথা তৃণমূল কংগ্রেসকে আক্রমণ করেন শ্রমিক বাবু। তিনি বলেন, একশ্রেণীর মুসলমান সম্প্রদায়ের মানুষকে খুশি করতে গিয়ে এই রাজ্য সরকার হিন্দু ওবিসি তালিকাভুক্তদের বঞ্চিত করছেন। যে কারণে একটা প্রজন্ম পুরোপুরি ভাবে ধ্বংসের মুখে এগিয়ে যাচ্ছে। এই কর্মকাণ্ডের জন্য আগামী দিনে মুসলিম সম্প্রদায়ের মানুষজনের কিন্তু খুব একটা লাভ হবে না। সাধারণ মুসলিম ঘরের ছেলেমেয়েরা মাদ্রাসায় পড়াশোনা করবে। আর নেতাদের ছেলেমেয়েরা পড়াশোনা করবে ইংলিশ মিডিয়ামে। পার্থক্যটা এখানেই। এছাড়াও তীব্র ক্ষোভ প্রকাশ করে বিজেপি রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য্য বলেন, এই কর্মকাণ্ডের মধ্য দিয়ে রাজ্য সরকার তথা তৃণমূল ওবিসি সম্প্রদায় ভুক্ত মানুষজনের পেটের ভাত কাড়ার চেষ্টা করছে। পাশাপাশি ২৬ এর নির্বাচন প্রসঙ্গে তৃণমূলকে হারাতে বাম ডান পন্থী অন্যান্য বিরোধী রাজনৈতিক দলগুলিকে ভোট কাটার পথে না এগুনের পরামর্শ দেন তিনি। এছাড়াও বর্তমানে পশ্চিমবঙ্গ রাজ্য সরকার চলছে না, এ রাজ্যে চলছে তৃণমূল সরকার বলে সরাসরি রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেসকে আক্রমণ করেন তিনি। অন্যদিকে ভিন রাজ্যে পরিচয় শ্রমিকদের ওপর অত্যাচার প্রসঙ্গে তিনি বলেন, একমাত্র বাংলাদেশী নাগরিক ছাড়া নদিয়া জেলা সহ পার্শ্ববর্তী মুশিদাবাদ জেলা থেকে শুরু করে অন্যান্য জায়গার হিন্দু ও মুসলিম সম্প্রদায় ভুক্ত এদেশীয় পরিযায়ী শ্রমিক যারা ভিন রাজ্যের কাজ করতে গিয়েছেন তাদের ওপর কোন অত্যাচার বা পুলিশি হেনস্থা হচ্ছে না। কিন্তু যারা বাংলাদেশ থেকে এসে জাল আধার কার্ড সহ অন্যান্য নথিপত্র তৈরি করেছে পুলিশ তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছে।

জম্মুতে আটক অক্ষয় কুমারের গাড়ি ! কেন ?



দুরন্তবার্তা, নিজস্ব প্রতিনিধি ঃ এক খ্যাতনামা গয়না প্রস্তুতকারক সংস্থার নতুন শোরুম উদ্বোধনের জন্য মুম্বই থেকে জম্মুতে উড়ে গিয়েছিলেন অক্ষয় কুমার। গত এপ্রিল মাসেই পহেলগাঁও সন্ত্রাসের জেরে উত্তপ্ত হয়ে উঠেছিল ভূস্বর্গ। তবে সেই ‘অভিশপ্ত সময়’ কাটিয়ে উপত্যকা এখন অনেকটাই ঠান্ডা। পর্যটকরাও ভিড় জমাচ্ছে। এমন আবহে মঙ্গলবার ভূস্বর্গে পা রেখে বিপাকে খিলাড়ি কুমার। কেন? বলিউড মাধ্যম সূত্রে খবর, অনুষ্ঠান শেষ করে ফিরতি পথে অক্ষয় কুমারের গাড়ি বাজেয়াপ্ত করে জম্মু-কাশ্মীরের ট্রাফিক পুলিশ। খবর প্রকাশ্যে আসতেই উপত্যকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়। পরে জানা যায়, ওই গাড়িতে অক্ষয় তখন ছিলেন না। সদ্য তাঁকে বিমানবন্দরে নামিয়ে গাড়িটি নির্দিষ্ট গন্তব্যের দিকে যাচ্ছিল। কিন্তু রাস্তায় ট্রাফিক পুলিশের নজর পড়ে কালো কাচে ঢাকা গাড়ির দিকে। এরপরই সেই গাড়িটিকে ডোগরা চক এলাকায় থামানো হয়। আসলে জম্মুর ট্রাফিক আইন অনুযায়ী, গাড়িতে কালো কাচ ব্যবহার করা যাবে না। ফলে অক্ষয় কুমারের বিরুদ্ধে আইনভঙ্গের অভিযোগ ওঠে। যদিও এর জন্যে সরাসরি খিলাড়ি কুমার আইনি বিপাকে পড়েননি। জানা যায়, ওই সাদা এসইউভি গাড়িটি চণ্ডীগড়ের নম্বরে রেজিস্ট্রেশন করা। জনৈক ট্রাফিক পুলিশ সংবাদমাধ্যমকে জানিয়েছেন, ‘আইন সকলের জন্যেই এক। এই গাড়ির কাচ কালো। এটা তো উপত্যকার আইন বিরুদ্ধ। জম্মুর রাস্তায় কোনও গাড়িতে কালো কাচ ব্যবহার করার নিয়ম নেই। তাই গাড়িটি আটক করা হয়েছে। প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।’

সিঙ্গুরে নার্সের রহস্যমৃত্যু

দুরন্তবার্তা, নিজস্ব প্রতিনিধি, ঃ হুগলির সিঙ্গুরে এক নার্সিংহোমে নার্সের রহস্যমৃত্যু চাঞ্চল্য সৃষ্টি করেছে। বুধবার রাতে চারতলার একটি ঘর থেকে ওই নার্সের ঝুলন্ত দেহ উদ্ধার করা হয়। ঘটনার প্রতিবাদে বৃহস্পতিবার সকাল থেকে নার্সিংহোমের বাইরে উত্তেজনা ছড়িয়ে পড়ে এবং স্থানীয়রা পথ অবরোধ করেন। দিন কয়েক আগে সিঙ্গুরের ওই নার্সিংহোমে নার্সের কাজে যোগ দিয়েছিলেন নন্দীগ্রামের দীপালি জানা। তাঁর বাবা সুকুমার জানা জানান, বেঙ্গালুরু থেকে নার্সিং পড়ে বাড়ি ফিরেছিলেন দিন কয়েক আগে। এক বান্ধবীর সূত্র ধরে চাকরি পান সিঙ্গুরের বোড়াই তেমাথা এলাকায় শিবম সেবাসদন নার্সিংহোমে। বুধবার রাতে সেই নার্সিংহোমের একটি ঘর থেকে পাওয়া যায় দীপালির ঝুলন্ত দেহ। কী কারণে মৃত্যু, তা এখনও স্পষ্ট নয়। পুলিশ অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্ত শুরু করেছে। তবে মৃতার পরিবারের দাবি, দীপালিকে খুন করা হয়েছে! বছর চব্বিশের দীপালির বাড়ি নন্দীগ্রামের রায়নগরে। মৃতার বাবার অভিযোগ, বুধবার রাত ১১টা নাগাদ নার্সিংহোম থেকে ফোন করে আসার জন্য জানানো হয়। কারণ জিজ্ঞাসা করলে বলা হয়, দীপালি গলায় দড়ি দিয়ে আত্মঘাতী হয়েছেন। ভোর সাড়ে ৩টে নাগাদ পরিবারের অন্য লোকদের নিয়ে নার্সিংহোমে পৌঁছোন সুকুমার। কিন্তু সেখানে দীপালিকে দেখতে পাননি তাঁরা। সুকুমারের কথায়, ‘‘আমাদের বলা হয়, পুলিশ এসে দীপালির দেহ নিয়ে গিয়েছে। কেন আমাদের না দেখিয়ে পুলিশ দেহ নিয়ে গেল?’’ নার্সিংহোমের তরফে আত্মহত্যার কথা বললেও মৃতার পরিবার খুনের অভিযোগ তুলেছে। সুকুমারের কথায়, ‘‘আমার মেয়ে কোনও দিন আত্মহত্যা করতে পারে না। আমার মেয়েকে ওরা খুন করেছে। ওই নার্সিংহোমের মালিকের শাস্তি চাই।’’ পরিবারের দাবি, কাজে যোগ দেওয়ার পর একাধিক বার দীপালির সঙ্গে ফোনে কথা হয়েছে। কথাবার্তা শুনে কখনই মনে হয়নি দীপালি মানসিক ভাবে বিপর্যস্ত। ভাল ভাবেই কথা হয়। তার পরে এই কাণ্ড। মৃতার বান্ধবী মল্লিকা বাউরি জানান, দীপালিকে কারও সঙ্গে কথা বলেননি। বুধবার রাতে যখন নার্সিংহোমে চার তলায় যান, তখন ওই ঘরের দরজা ভিতর থেকে বন্ধ ছিল। জানলা দিয়ে উঁকি মেরে মল্লিকা দেখেন দীপালি গলায় ফাঁস দিয়ে সিলিং থেকে ঝুলছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। হুগলি গ্রামীণ পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার কৃশানু রায় জানান, নার্সিংহোমে অস্বাভাবিক মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। দেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। রিপোর্ট এলে কারণ স্পষ্ট হবে। খুনের অভিযোগ প্রসঙ্গে কৃশানু বলেন, ‘‘মৃতার পরিবার মৌখিক ভাবে যেটা বলছে সেটা লিখিত আকারে জমা পড়লে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।’’

স্ত্রীকে খুনে যাবজ্জীবন কারাদন্ড স্বামীর

দুরন্তবার্তা, নিজস্ব সংবাদ দাতা, নদীয়াঃ নদীয়ায় আদালতের রায়ে দৃষ্টান্ত মূলক শাস্তি ঘোষণা অপরাধীর। গত ১ /৯/ ২০২৪ তারিখে নদীয়ার ধানতলায় স্ত্রীকে নৃশংসভাবে খুনের অভিযোগ ওঠে স্বামী নির্মল দত্তের বিরুদ্ধে। মৃতার পরিবারের সদস্যরা ধানতলা থানায় নির্মল দত্তের বিরুদ্ধে অভিযোগ দায়ের করে। অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে পুলিশ, যথেষ্ট সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে অভিযুক্ত নির্মল দত্তকে দোষী সাব্যস্ত করে রানাঘাট আদালত। এদিন গৃহবধূ হত্যার মামলায় নির্মল দত্তকে যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দেয় রানাঘাট আদালত। অভিযুক্ত স্বামীর যাবজ্জীবন কারাদণ্ড ঘোষণার পর নিহত গৃহবধূর বাবা জগদীশ বিশ্বাস জানান, সেই দিনের কথা তিনি কখনোই ভুলতে পারবেন না, কারণ তার কাছে ফোন আসা মাত্রই তিনি ছুটে গিয়েছিলেন, দেখেন চোখের সামনে মেয়ের রক্তাক্ত নিথর দেহ পড়ে রয়েছে। দেহের একাধিক অংশে রয়েছে ধারালো অস্ত্রের কোপ, সেই নৃশংস ঘটনা চোখের সামনে দেখার পর তিনি রাতে ঘুমাতে পারছিলেন না। আজ তার মেয়ের আত্মার শান্তি হলো। আদালতের প্রতি তার পূর্ণ আস্থা ছিল, তার মেয়ের হত্যার জন্য তিনি সঠিক বিচার পাবেন। আজ দুচোখ দিয়ে অশ্রু ঝরলেও কোথাও যেন মনে হচ্ছে তিনি এতদিনে সঠিক বিচার পেলেন। যদিও এ প্রসঙ্গে নদীয়ার রানাঘাট পুলিশ জেলার পুলিশ সুপার আশিষ মৌর্য ও সরকারি আইনজীবীদের বক্তব্য, সঠিক তদন্ত ও পর্যাপ্ত সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে আজকে দোষীকে যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দেয় আদালত। পুলিশ তৎপরতার সাথে তদন্ত শুরু করে, এরপর তথ্য প্রমাণ সংগ্রহ করে। পুলিশের অতি তৎপরতার জন্য অসহায় বাবা-মা, তারা সঠিক বিচার পেলেন। আদালতের এই রায় সমাজের এক দৃষ্টান্ত তৈরি করবে। কেউ অন্যায় করলে কিংবা মাত্রা ছাড়া অপরাধমূলক কাজ করলে তাকে শাস্তি পেতেই হবে।

ভারতবর্ষে এসআইআর বিষয়ে জয় হবে মমতা বন্দ্যোপাধ্যায়ের ও কংগ্রেস পরিবারের

দুরন্তবার্তা, মহন্ত দাশগুপ্ত ১৪ আগস্টঃ এসআইআর মামলায় সুপ্রিম কোর্ট ও দেশের হাইকোর্টগুলি যে মন্তব্যই করুক না কেন, যে নিয়মই তৈরি করুক না কেন, আর যে পথই দেখাক না কেন আসল জয় দেশের নাগরিকের ও জনগণের জয় হতে বাধ্য, তবে তার জন্য দেশের জনগণ এবং নাগরিকদের ধৈর্য ধরতে হবে তথা সেকুলারিজম রাষ্ট্রের সবাইকে। সময় বড় শক্তিমান ও সময় বড় সত্যবান, সময়ই একমাত্র কথা বলবে ঠিক সময়ে এলেই, তাই সময়ের অপেক্ষা করতে হবে। ভারতের নাগরিকদের জন্য, সেকুলারিজম নাগরিকদের জন্য পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় যেভাবে লড়াই ও আন্দোলন চালিয়ে যাচ্ছেন এবং ধারাবাহিকভাবে প্রতিবাদ করে যাচ্ছেন এসআইআর-এর বিরুদ্ধে তা একদিন জয় এনে দেবেই। এ কেমন এসআইআর যা ২০১৪ সালের আগে পর্যন্ত কোনো সুপ্রিম কোর্ট কোনো নির্বাচন কমিশন কোনো হাইকোর্ট ও কোনো রাজনৈতিক নেতার মাথায় আসেনি কেন? সেই সময় কি আপনারা বা আপনাদের আগের প্রজন্ম কেউই কি প্রোটিন জাতীয় খাদ্য দ্রব্য ও সুখাদ্য খাওয়ার দাবার খাননি বা গ্রহণ করেন নি, তাইতো সেই জন্যই হয়তো বিবেক খোলেনি সে সময়কার দেশাত্মবোধ ও আধ্যাত্মিক প্রজন্মগুলির তাই তারা বা তাদের সেই সময়কার সেকুলারিজম রাষ্ট্রের রাজনৈতিক নেতা, মন্ত্রীরা ও পার্লামেন্ট এবং নির্বাচন কমিশনের বড় বড় বিগ ম্যানদের মাথায় আসেনি এসআইআর এর মতো বিষয়গুলি। কেননা বর্তমান সময়কার মানুষগুলি অতি আধ্যাত্মিকবোধ ও দেশাত্মবোধ সম্পন্ন। ২০১৪ সালের পর থেকে নটা গ্রহের অন্য অশুভ গ্রহগুলির প্রকোপ পড়েছে গোটা ভারতবর্ষে তথা সেকুলারিজম ইন্ডিয়ায়। ২০১৪ সালের পর থেকে ২০২৮ সাল পর্যন্ত এই অশুভ গ্রহের প্রকোপগুলি থাকবে গোটা ভারতবর্ষ জুড়ে, এটা আমি মনে করি ঠিকই তবে কোনও মানুষের ভাবনার সাথে ভাবনা মিলিয়ে নয়। সুতরাং ২০২৮ সাল পর্যন্ত নটা গ্রহের মধ্যে কয়েকটি অশুভ গ্রহের যে প্রকোপ চলছে ও চলবে, তারই বিরুদ্ধে লড়াই ও আন্দোলন চালিয়ে যাবেন রাজ্যের একমাত্র কিংবদন্তী নেত্রী তথা রাজ্যের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়। এই আন্দোলন ও লড়াই দেশের একটা কোন থেকে যেমন চলছে, ঠিক তেমনিভাবে দিল্লি থেকেও সেই একই ধরনের আন্দোলন ও লড়াই চালিয়ে যাচ্ছেন, সোনিয়া গান্ধী রাহুল গান্ধী ও প্রিয়াঙ্কা গান্ধীরা। এই লড়াইয়ের জয় ওই জয়জয়কারগুলি একমাত্র নিস্তব্ধে লুকিয়ে রয়েছে ঈশ্বর শক্তি সময়ের মধ্যে, যে কথাগুলি আগে আমি বলেছি-সময় বলবান ও সত্যবান, তাই এখন থেকেই ভাবতে হবে সেই ঈশ্বর শক্তি সময়ের মধ্যেই ভারতবর্ষের সমস্ত নতুন নতুন ভাবনার মানুষদের ভাবিত প্রতিফলনগুলি লুকিয়ে রয়েছে। সময়ের মধ্যেই লুকিয়ে আছে অশুভ গ্রহের প্রকোপের পরাজয়ের ফর্মুলা, যে ফর্মুলা ২০২৮ সালের মধ্যে সময় হিসেবে ধরা দেবে স্বয়ং ঈশ্বর। আর ২০২৯ সালের মধ্যে বেশিরভাগ মানুষ সত্য পথে চলবার চেষ্টা করবেন বা বাধ্য থাকবেন। কারণ আধ্যাত্মিকবোধ ও দেশাত্মবোধ গত প্রজন্ম এবং বর্তমান প্রজন্মের যে সমস্ত মানুষের মধ্যে নেই বললেই চলে, তাদের মধ্যে থেকেই দেশের মানুষ জনকে রক্ষা করার জন্য ও সুরক্ষা দেবার জন্য ও নতুন নতুন আইন উপনীত করার জন্য দায়িত্ব নিয়ে নিচ্ছেন একেবারেই ঈশ্বর মার্কা লোকগুলি, তারা যা বলবে দেশের মানুষকে সব মেনে নিতে হবে, তারা যা বলবে দেশের মানুষকে সেই খাদ্যাভ্যাস মেনে নিতে হবে, তারা যা বলবে দেশের মানুষকে ভয়ে অন্য দেশে চলে যেতে হবে, তারা যা আইন প্রণয়ন করবেন ও নীতি তৈরি করবেন, সেসব নীতি ও আইন সবটাই দেশের মানুষকে মেনে নিতে হবে ও সহ্য করতে হবে। তাই এইসবের বিরুদ্ধে মুখ খুলবে কে? লড়াই করবে কে? জাগ্রত কারা হবে? কাউকে তো দেখতে পাচ্ছি না, শুধু মমতা বন্দ্যোপাধ্যায় ও গান্ধী পরিবারের লোকজনকে দিয়ে অশুভ গ্রহগুলির এত বড় বড় প্রকোপের সঙ্গে লড়াই ও আন্দোলন করা দুষ্কর হয়ে দাঁড়াবে। তাই লড়াই আন্দোলন চলবে গান্ধী পরিবার ও মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে ও নেতৃত্বে। তাতে কি রেজাল্ট বা ফল হবে জানিনা ও বুঝতেও পারছি না। কিন্তু এইটুকু বুঝে ফেলেছি আগামী ২৭ ও ২৮ এবং ২৯ সালের পরে গোটা দেশের মানুষের জন্য ও দেশের স্বার্থে একমাত্র ঈশ্বরই তার ঐশ্বরিক শক্তির হাতে শাসন ও প্রশাসন তুলে ধরবেন। তবে শেষ কথা বলতে গেলে অনিয়ম ও বেআইনি এসআইআর হয়,তাহলে অবশ্যই কংগ্রেসের গান্ধী পরিবার ও পশ্চিমবঙ্গের লড়াকু নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়েরই জয় হবে বিভিন্ন শরিকের হাত ধরে ও সক্রিয় সহযোগিতায়।

আমাদের পাড়া, আমাদের সমাধান’ শিবিরে বিজেপি পঞ্চায়েত প্রধানের মুখ্যমন্ত্রীর প্রশংসা

দুরন্তবার্তা, নিজস্ব প্রতিনিধি, কলকাতাঃ এসআইআর মামলায় সুপ্রিম কোর্ট ও দেশের হাইকোর্টগুলি যে মন্তব্যই করুক না কেন, যে নিয়মই তৈরি করুক না কেন, আর যে পথই দেখাক না কেন আসল জয় দেশের নাগরিকের ও জনগণের জয় হতে বাধ্য, তবে তার জন্য দেশের জনগণ এবং নাগরিকদের ধৈর্য ধরতে হবে তথা সেকুলারিজম রাষ্ট্রের সবাইকে। সময় বড় শক্তিমান ও সময় বড় সত্যবান, সময়ই একমাত্র কথা বলবে ঠিক সময়ে এলেই, তাই সময়ের অপেক্ষা করতে হবে। ভারতের নাগরিকদের জন্য, সেকুলারিজম নাগরিকদের জন্য পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় যেভাবে লড়াই ও আন্দোলন চালিয়ে যাচ্ছেন ও ধারাবাহিকভাবে প্রতিবাদ করে যাচ্ছেন এসআইআর-এর বিরুদ্ধে তা একদিন জয় এনে দেবেই। এ কেমন এসআইআর যা ২০১৪ সালের আগে পর্যন্ত কোনো সুপ্রিম কোর্ট কোনো নির্বাচন কমিশন কোনো হাইকোর্ট ও কোনো রাজনৈতিক নেতার মাথায় আসেনি কেন? সেই সময় কি আপনারা বা আপনাদের আগের প্রজন্ম কেউই কি প্রোটিন জাতীয় খাদ্য দ্রব্য ও সুখাদ্য খাওয়ার দাবার খাননি বা গ্রহণ করেন নি, তাইতো সেই জন্যই হয়তো বিবেক খোলেনি সে সময়কার দেশাত্মবোধ ও আধ্যাত্মিক প্রজন্মগুলির তাই তারা বা তাদের সেই সময়কার সেকুলারিজম রাষ্ট্রের রাজনৈতিক নেতা, মন্ত্রীরা ও পার্লামেন্ট এবং নির্বাচন কমিশনের বড় বড় বিগ ম্যানদের মাথায় আসেনি এসআইআর-এর বিষয়গুলি। কেননা বর্তমান সময়কার মানুষগুলি অতি আধ্যাত্মিকবোধ ও দেশাত্মবোধ সম্পন্ন। ২০১৪ সালের পর থেকে নটা গ্রহের অন্য অশুভ গ্রহগুলির প্রকোপ পড়েছে গোটা ভারতবর্ষে তথা সেকুলারিজম ইন্ডিয়ায়। ২০১৪ সালের পর থেকে ২০২৮ সাল পর্যন্ত এই অশুভ গ্রহের প্রকোপগুলি থাকবে গোটা ভারতবর্ষ জুড়ে, এটা আমি মনে করি ঠিকই তবে কোনও মানুষের ভাবনার সাথে ভাবনা মিলিয়ে নয়। সুতরাং ২০২৮ সাল পর্যন্ত নটা গ্রহের মধ্যে কয়েকটি অশুভ গ্রহের যে প্রকোপ চলছে ও চলবে, তারই বিরুদ্ধে লড়াই ও আন্দোলন চালিয়ে যাবেন রাজ্যের একমাত্র কিংবদন্তী নেত্রী তথা রাজ্যের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়। এই আন্দোলন ও লড়াই দেশের একটা কোন থেকে যেমন চলছে, ঠিক তেমনিভাবে দিল্লি থেকেও সেই একই ধরনের আন্দোলন ও লড়াই চালিয়ে যাচ্ছেন, সোনিয়া গান্ধী রাহুল গান্ধী ও প্রিয়াঙ্কা গান্ধীরা। এই লড়াইয়ের জয় ওই জয়জয়কারগুলি একমাত্র নিস্তব্ধে লুকিয়ে রয়েছে ঈশ্বর শক্তি সময়ের মধ্যে, যে কথাগুলি আগে আমি বলেছি-সময় বলবান ও সত্যবান, তাই এখন থেকেই ভাবতে হবে সেই ঈশ্বর শক্তি সময়ের মধ্যেই ভারতবর্ষের সমস্ত নতুন নতুন ভাবনার মানুষদের ভাবিত প্রতিফলনগুলি লুকিয়ে রয়েছে। সময়ের মধ্যেই লুকিয়ে আছে অশুভ গ্রহের প্রকোপের পরাজয়ের ফর্মুলা, যে ফর্মুলা ২০২৮ সালের মধ্যে সময় হিসেবে ধরা দেবে স্বয়ং ঈশ্বর। আর ২০২৯ সালের মধ্যে বেশিরভাগ মানুষ সত্য পথে চলবার চেষ্টা করবেন বা বাধ্য থাকবেন। কারণ আধ্যাত্মিকবোধ ও দেশাত্মবোধ গত প্রজন্ম এবং বর্তমান প্রজন্মের যে সমস্ত মানুষের মধ্যে নেই বললেই চলে, তাদের মধ্যে থেকেই দেশের মানুষ জনকে রক্ষা করার জন্য ও সুরক্ষা দেবার জন্য ও নতুন নতুন আইন উপনীত করার জন্য দায়িত্ব নিয়ে নিচ্ছেন একেবারেই ঈশ্বর মার্কা লোকগুলি, তারা যা বলবে দেশের মানুষকে সব মেনে নিতে হবে, তারা যা বলবে দেশের মানুষকে সেই খাদ্যাভ্যাস মেনে নিতে হবে, তারা যা বলবে দেশের মানুষকে ভয়ে অন্য দেশে চলে যেতে হবে, তারা যা আইন প্রণয়ন করবেন ও নীতি তৈরি করবেন, সেসব নীতি ও আইন সবটাই দেশের মানুষকে মেনে নিতে হবে ও সহ্য করতে হবে। তাই এইসবের বিরুদ্ধে মুখ খুলবে কে? লড়াই করবে কে? জাগ্রত কারা হবে? কাউকে তো দেখতে পাচ্ছি না, শুধু মমতা বন্দ্যোপাধ্যায় ও গান্ধী পরিবারের লোকজনকে দিয়ে অশুভ গ্রহগুলির এত বড় বড় প্রকোপের সঙ্গে লড়াই ও আন্দোলন করা দুষ্কর হয়ে দাঁড়াবে। তাই লড়াই আন্দোলন চলবে গান্ধী পরিবার ও মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে ও নেতৃত্বে। তাতে কি রেজাল্ট বা ফল হবে জানিনা ও বুঝতেও পারছি না। কিন্তু এইটুকু বুঝে ফেলেছি আগামী ২৭ ও ২৮ এবং ২৯ সালের পরে গোটা দেশের মানুষের জন্য ও দেশের স্বার্থে একমাত্র ঈশ্বরই তার ঐশ্বরিক শক্তির হাতে শাসন ও প্রশাসন তুলে ধরবেন। তবে শেষ কথা বলতে গেলে অনিয়ম ও বেআইনি এসআইআর হয়,তাহলে অবশ্যই কংগ্রেসের গান্ধী পরিবার ও পশ্চিমবঙ্গের লড়াকু নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়েরই জয় হবে বিভিন্ন শরিকের হাত ধরে ও সক্রিয় সহযোগিতায়।

দুর্গাপুরের গড় জঙ্গলে অবস্থিত শ্যামরূপা মন্দির - মনে আনবে রোমাঞ্চ

দুরন্তবার্তা, নিজস্ব প্রতিনিধি ঃ মাত্র ২/১ দিনের জন্য মনকে ফ্রেশ করার আদর্শ পথ হলো কোনো নির্জন প্রকৃতির রাজ্যে ঘুরে আসা। কিন্তু দূরে কোথাও যেতে গেলে বাজেট ও সময় দুটোই অনেকের কাছে সমস্যা হয়ে দাঁড়ায়। তাই আজ আমরা ধারে কাছে এক সুন্দর রোমাঞ্চকর জায়গায় আপনাদের নিয়ে যেতে চাই। ঘন দুর্ভেদ্য জঙ্গলে ঘেরা বহু প্রাচীন এই মন্দির আজও ইতিহাস বহন করে চলেছে। ঐতিহাসিক চরিত্রগুলোর পাশাপাশি শাল, পিয়ালের ওই ঘন জঙ্গলে রয়েছে হরিণ, ময়ূর ও নেকড়ে বাঘ, শেয়াল, গন্ধগোকুল-সহ নানা প্রজাতির রঙবেরঙের পাখি। দর্শন করতে চাইলে সপরিবারে সামনের উইকএন্ডেই চলে আসতে পারেন আপনিও পশ্চিম বর্ধমান জেলার দুর্গাপুরের গড় জঙ্গলে। দুর্গাপুর মহকুমার কাঁকসা ব্লকে বিস্তীর্ণ এলাকা জুড়ে গভীর জঙ্গলেই রয়েছে গড়ের শ্যামরূপা মন্দির। বহু প্রাচীন বাংলার প্রথম দুর্গাপুজো হয়েছিল গড়জঙ্গলের এই শ্যামারূপা মন্দিরে বলে দাবি মন্দিরের সেবায়েতের। দুর্গাপুজোয় এখানে হাজার হাজার ভক্তের সমাগম হয়। সেখানে রয়েছে মেধস মুনির আশ্রম। রাজা সুরথ সেখানে দেবী দুর্গার পুজো করেছিলেন বলে কথিত আছে। এলাকাটি একটি ঐতিহাসিক ও ধর্মীয় তাৎপর্যপূর্ণ। সবুজ জঙ্গলের মাঝে অবস্থিত মন্দির চত্বর প্রকৃতিক সৌন্দর্যে পরিপূর্ণ। জনশ্রুতি আছে কৃষ্ণভক্ত কবি জয়দেব ওই মন্দিরে এসে শ্যাম রূপে দেবী দুর্গার দর্শন পেয়েছিলেন, সেই থেকেই মন্দিরের নাম শ্যামরূপা মন্দির হয়। মন্দির চত্বরে রয়েছে একটি ওয়াচ-টাওয়ার। ওই ওয়াচ-টাওয়ারে চড়লে দেখতে পাবেন ঘন জঙ্গলের একটি ওভারভিউ। যা সত্যিই মনমুগ্ধকর। মন্দিরের সেবায়েতের সঙ্গে আগাম যোগাযোগ করলে শ্যামরূপার ভোগও পাবেন। ওই মন্দির থেকে কয়েক কিলোমিটার জঙ্গল পথে এগিয়ে গেলেই দেখা মিলবে হরিণের। সেখানে রয়েছে ইছাই ঘোষের প্রতিষ্ঠিত প্রাচীন একটি মন্দির ও দেউল থিম পার্ক।

জঙ্গলের বাইরে খাবারের সন্ধান, হাতির থাবায় মৃত্যু দুজনের

দুরন্তবার্তা, নিজস্ব প্রতিনিধি ঃ হাতির হামলায় প্রাণ হারালেন দু’জন। বৃহস্পতিবার রাত ও ভোরে বানারহাটে পৃথক দুই ঘটনায় ঘটে এই মর্মান্তিক মৃত্যু, যা মুহূর্তে তীব্র চাঞ্চল্য ছড়িয়ে দেয় এলাকায়। আতঙ্কগ্রস্ত বাসিন্দাদের অভিযোগে খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছে যায় বানারহাট থানার পুলিশ, বিন্নাগুড়ি বন্যপ্রাণী স্কোয়াডের বনকর্মী ও আধিকারিকরা। পুরো ঘটনা খতিয়ে দেখা হচ্ছে বলে জানিয়েছে প্রশাসন। ইতিমধ্যেই জেলা প্রশাসনের পক্ষ থেকে বাড়ানো হয়েছে এলাকার নিরাপত্তা। তবে এই হৃদয়বিদারক ঘটনায় এলাকাজুড়ে নেমে এসেছে গভীর শোকের ছায়া। জানা যায় প্রথম ঘটনাটি বৃহস্পতিবার রাত সাড়ে বারোটার সময় ঘটে। বানারহাট ব্লকের দুরামারীর চানাডিপা গ্রামে অতর্কিতে হওয়া হাতির আক্রমণে প্রাণ হারান বছর ৫০-এর সোমরা ওরাঁও। তাঁর বাড়ি পূর্বদূরামারী চানাডিপা গ্রামে। সোমরা ওরাঁওয়ের একেবারে বাড়ির কাছেই মর্মান্তিক এই দুর্ঘটনাটি ঘটে। পরিবারের সদস্যরা জানান, আচমকাই একটি বুনো হাতি লোকালয়ে ঢুকে পড়ে এবং আক্রমণ চালায়। অপর ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার ভোর প্রায় সাড়ে চারটা নাগাদ। জানা যায়, বানারহাট ব্লকের তোতাপাড়া চা বাগানের সিশোখলা সংলগ্ন ঝোপের মধ্যে এদিন ভোরে এক ব্যক্তির মৃতদেহ দেখতে পান স্থানীয়রা। যা নিয়ে এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। জানা যায়, মৃতের নাম গুরুয়া ওরাঁও (৬০)। চা বাগানের বাস লাইনের বাসিন্দা। ঘটনার খবর পেয়েই ঘটনাস্থলে ছুটে যায় পুলিশ। প্রাথমিক অনুমান, হাতির হামলাতেই বছর ৬০-এর গুরুয়া ওরাঁওয়ের মৃত্যু হয়েছে। পুলিশের দাবি, ভোরবেলায় খাবারের সন্ধানে জঙ্গল থেকে বেরিয়ে আসা হাতির আক্রমণেই এই ঘটনা। স্থানীয় সূত্রে খবর, গত কয়েকদিন ধরেই হাতির একটি দল বানারহাট ব্লকের বিভিন্ন গ্রাম ও চা,বাগান এলাকায় ঘুরে বেড়াচ্ছিল। কখনও চা বাগানে আবার কখনও রাস্তার পাশে হাতির দলকে দেখা গিয়েছে। গ্রামবাসীদের অভিযোগ, খাবারের সন্ধানে হাতির দল প্রায়ই লোকালয়ে ঢুকে পড়ছে। অথচ এই বিষয়ে বনদপ্তরের পক্ষ থেকে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না বলে অভিযোগ এলাকার মানুষের। ফলে রীতিমতো আতঙ্কের মধ্যে দিন কাটাতে হচ্ছে ডুয়ার্সের বাসিন্দাদের। আর এরমধ্যে হাতির হামলায় একই দিনে একের পর এক মৃত্যু আরও দুশ্চিন্তায় ফেলেছে এলাকার মানুষজনকে।

২২ আগস্ট কলকাতায় মোদীর হাতেই শুরু তিন মেট্রো

দুরন্তবার্তা, নিজস্ব প্রতিনিধি ঃ দুর্গাপুজোর আগেই কলকাতাবাসীর জন্য আসছে ‘ঐতিহাসিক উপহার’। চলতি মাসের ২২ আগস্ট দমদমে প্রশাসনিক কর্মসূচিতে যোগ দিতে এসে তিনটি নতুন মেট্রো রুটের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কোন তিন পথে ছুটবে পাতালরেল? রেলের তরফে জানানো হয়েছে, এখন থেকে শিয়ালদহ-এসপ্ল্যানেড, বেলেঘাটা-হেমন্ত মুখোপাধ্যায় (রুবি) এবং নোয়াপাড়া-জয় হিন্দ (বিমান বন্দর) স্টেশনের মাঝে মেট্রো চলবে। অর্থাৎ, এ বার গ্রিন লাইন ১-এর সঙ্গে জুড়তে চলেছে গ্রিন লাইন ২। অন্য দিকে, ইয়েলো লাইনের সঙ্গে জুড়তে চলেছে রুবি মোড় থেকে বেলেঘাটাগামী অরেঞ্জ লাইন। খবরটি সমাজমাধ্যমে ভাগ করে নিয়েছেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা সুকান্ত মজুমদার। ইতিমধ্যে রেলের তরফে আনুষ্ঠানিক ভাবে চিঠি দিয়ে আমন্ত্রণ পাঠানোও শুরু হয়ে গিয়েছে। কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের তরফ থেকে সেই আমন্ত্রণ পাওয়ার পরেই সমাজমাধ্যমে পোস্ট করে খবরটি জানিয়েছেন সুকান্ত। একে দুর্গাপুজোর আগে পশ্চিমবঙ্গের জন্য এক ‘ঐতিহাসিক উপহার’ বলেও উল্লেখ করেছেন তিনি। তিন নতুন মেট্রো রুটের পাশাপাশি আগামী ২২ তারিখ হাওড়া মেট্রো স্টেশনের সাবওয়েও উদ্বোধন করবেন মোদী। রেলের তরফে আরও জানানো হয়েছে, রেল সংক্রান্ত নানা উন্নয়নমূলক কাজের জন্য শুধুমাত্র চলতি বছরের বাজেটেই ১৩,৯৫৫ কোটি টাকা পেয়েছে বাংলা। এই মুহূর্তে রেল পরিষেবা এবং পরিকাঠামোর উন্নতির জন্য সব মিলিয়ে ৮৩,৭৬৫ কোটি টাকার কাজ চলছে পশ্চিমবঙ্গে। ১০১টি স্টেশনকে বিশ্বমানের রেলস্টেশন হিসাবে পুনর্নির্মাণ করার কাজ চলছে। এ ছাড়া, ইতিমধ্যেই ৯টি বন্দে ভারত এবং ২টি অমৃত ভারত ট্রেন চলা শুরু হয়েছে। সেই আবহে এ বার ভূগর্ভস্থ পথে পাতালরেল পরিষেবার পরিসর আরও বিস্তৃত করার পথে হাঁটল রেল। পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচন যতই এগিয়ে আসছে, ততই বঙ্গের দিকে বাড়তি নজর দিচ্ছে বিজেপি। তার মাঝে ২২ অগস্ট শহরে আসছেন প্রধানমন্ত্রী। দমদমে প্রশাসনিক কর্মসূচি, বিভিন্ন সরকারি প্রকল্পের শিলান্যাসের পাশাপাশি জনসভাও রয়েছে তাঁর। প্রশাসনিক কর্মসূচি থেকেই কলকাতা মেট্রোর তিন রুটের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। প্রসঙ্গত, এর আগে গত ২৯ মে আলিপুরদুয়ারে ও ১৮ জুলাই দুর্গাপুরেও এসেছিলেন। বিজেপি সূত্রে খবর, চলতি বছরের ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট ১০টি প্রশাসনিক ও রাজনৈতিক কর্মসূচিতে যোগ দিতে পারেন প্রধানমন্ত্রী মোদী। কলকাতা সফর তার মধ্যে অন্যতম।

Dr. Santosh Kumar
HIP AND KNEE FOUNDATION CLINIC
My Knee My Life
P-332, Lake Town, Block - A,
(Near Lake Town Police Station), Kolkata 700089



Consultant
Orthopaedic & Joint Replacement Surgeon,
HEAD, Institute of Computer Assisted, Joint Replacement Surgery, Belle Vue Clinic
9 Loudon Street, Kolkata-17 , Woodlands Multi speciality Hospital
For Appointment : 9831266632
Dr. Santosh Kumar
Expert Orthopedic Surgeon, MBBS, D.Ortho, Mch(Ortho)
E-mail: santdr@gmail.com , Website: www.mykneemylife.org
Dial : +91 98319-11584

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
দুরন্ত বার্তা
৩০ বর্ষ, দৈনিক সংখ্যা, ২৫৫, শুক্রবার, ২৯ শ্রাবণ ১৪৩২

স্বাধীনতা দিবস

ভারতের স্বাধীনতা লাভ করেছিল ১৫ আগস্ট ১৯৪৭ সালে এটা সবারই জানা রয়েছে। কিন্তু এই স্বাধীনতা আনতে গিয়ে কত প্রাণ বলিদান হয়েছে তার কথাও কি কোনও রকমভাবে বিশদে লেখা রয়েছে? তা হয়তো লেখা নেই। ইংরেজ সরকারে পুলিশ বাহিনী কত গোপনে বিপ্লবীদের হত্যা করেছে তা অজানা হয়ে গিয়েছে। সবচেয়ে বেশি ক্ষতি হয়ে দেখা দিয়েছিল ভারত ভাগ করে স্বাধীনতা। এই রকম স্বাধীনতার জন্য তো ভারতীয়রা প্রাণ দেয়নি। সংগ্রাম করেনি। কিন্তু এই স্বাধীনতা পাওয়ার জন্য তখন কত ক্ষমতালোভীরা লালায়িত ছিল। তাদের লোভের ফলেই আজকে ভারত দ্বিখণ্ডিত হয়ে স্বাধীনতা লাভ করেছে। ১৯০৫ সাল থেকে বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন থেকে শুরু হয়ে গিয়েছিল ব্রিটিশ শক্তি ভারত ছাড়ো। তারপরে বিপ্লবী অরবিন্দ জোরদার সশস্ত্র সংগ্রাম করতে শুরু করে দিয়েছিলেন। তিনি যদিও সশস্ত্র সংগ্রাম করে সফল হতে পারেননি তবুও বলতে হবে তাঁর আত্মত্যাগের কথা। তিনি সব কিছুকে ত্যাগ করে একেবারে নিঃস্ব হয়ে জীবন যাপন করতে শুরু করে দিয়েছিলেন। তিনি তাঁর স্ত্রীর সঙ্গে সংসার ধর্ম পালন করতে পারেননি। এর চেয়ে বড় ত্যাগ আর কিছুই হতে পারে না। রাসবিহারী বোসও জাপানে পালিয়ে গিয়ে সেখানে নিজের আত্মরক্ষার জন্য জাপানী মহিলাকে বিবাহ করেছিলেন। তিনিও ঘর সংসার করতে পারেনি। বিপ্লবীরা সবাই কিন্তু দেশকে পরাধীনতার হাত থেকে রক্ষা করতে আত্মত্যাগ করতে শুরু করে দিয়েছিল। ঘর বাড়ি ত্যাগ করে রাস্তায় এসে নেমে পড়ে ব্যাপক ব্রিটিশ বিরোধী আন্দোলনে অংশ গ্রহণ করে। গান্ধিজিও সংসার ধর্ম ত্যাগ করে দেশের জন্য আন্দোলন করতে শুরু করে দিয়েছিলেন। যদিও তাঁর আন্দোলন ছিল অহিংসা। তবুও তিনি ভারতের স্বাধীনতার জন্য সংগ্র দেশবাসীদের একটি ছাতার তলায় নিয়ে আসতে সক্ষম হয়েছিলেন। তখন কংগ্রেস দলটা ছিল স্বাধীনতা আন্দোলনের একটি মঞ্চ। স্বাধীনতা লাভ কররা পর গান্ধিজি বলেছিলেন কংগ্রেসের কাজ ফুরিয়ে গিয়েছে। কংগ্রেস দলটা তুলে দিতে হবে। কিন্তু ক্ষমতা লোভীরা কংগ্রেস দলটাকে বাঁচিয়ে রেখে ক্ষমতা ভোগের মঞ্চে রূপান্তরিত করে। আগস্ট মাসকে স্বাধীনতার মাস বলা হয়ে থাকে। এই মাসে বহু দেশ ইংরেজ শাসন থেকে মুক্তি লাভ করেছিল। পরাধীনতার নাগপাশ থেকে মুক্তি পেয়েছিল। ভারতের স্বাধীনতা আন্দোলনে যেমন রাজনৈতিক নেতাদের অবদান রয়েছে পাশাপাশি আবার বহু কবি লেখক এবং গায়কদের অবদানকে একেবারে অস্বীকার করা যায় না। বহু সাংস্কৃতিক মনস্ত মানুষ ভারতের স্বাধীনতা আন্দোলনের অংশ গ্রহণ করেছিলেন। 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় রে কে বাঁচিতে চায়' এখন গানটি আমাদের শিহরিত করে। স্বাধীনতার প্রতিটি গান আমাদের মনে স্বাধীনতা স্পৃহা জাগিয়ে তোলে। কবি রঙ্গলাল থেকে শুরু করে রজনী কান্ত, ডি এল রায় স্বাধীনতা লাভের জন্য কলম ধরেছিলেন। কবিগুরু রবীন্দ্রনাথও বহু স্বদেশি সঙ্গীত এবং কবিতা রচনা করেছিলেন। আজও সেই সব স্বদেশি সঙ্গীত গাওয়া হয়ে থাকে। কবি নজরুল 'কারার ওই লৌহ কপাট'গানটি গাইবার সময়ে নেতাজির চোখ দিয়ে জল পড়তো। ফেলেছেন। এদের আত্মত্যাগের কথাকে অস্বীকার করার কোনও উপায় নেই। এদের কথা আমাদের প্রতিটা মুহূর্তে স্মরণ করতে হবে। ভগিনী নিবেদিতার কথা বলতেই হবে। তাঁর উৎসাহে উৎসাহিত হয়ে বাংলার বিপ্লববাদকে প্রতিষ্ঠা করেছেন বিপ্লবী অরবিন্দ। অরবিন্দের চরিত্র হচ্ছে রূপান্তরিত।

ফ্লোরেন্স নাইটিঙ্গেল

ফ্লোরেন্স নাইটিঙ্গেল ছিলেন আধুনিক নার্সিং সেবার অগ্রদূত, একজন লেখিকা এবং পরিসংখ্যানবিদ। যিনি দ্যা লেডি উইথ দ্যা ল্যাম্প নামে পরিচিত ছিলেন। বাবা উইলিয়াম এডওয়ার্ড নাইটিঙ্গেল এবং মা ফ্রান্সিস নাইটিঙ্গেলের অভিজাত পরিবারে ১৮২০ সালের ১২ মে মাসে ইতালির ফ্লোরেন্সে জন্মগ্রহণ করেন ফ্লোরেন্স নাইটিঙ্গেল। ছোটবেলা থেকে তার স্বপ্ন ছিল নার্স হওয়া। কিন্তু তখনকার সময়ে নার্সিংকে সম্মানের চোখে দেখা হতো না। এছাড়া তার পিতা-মাতা চাননি ফ্লোরেন্স নার্স হোক। তাই ফ্লোরেন্সকে বাড়ি থেকে বের হয়ে যেতে বাধ্য হয়। কেননা তার নিজ বাড়িতে তার স্বপ্নটি পূরণ করা সম্ভব ছিল না। তার জীবদ্দশায় তিনি ১৮৫৩ সাল থেকে ১৮৫৪ সাল পর্যন্ত লন্ডনের 'কেয়ার অব সিক জেন্টলওমেন ইনস্টিটিউটের' তত্ত্বাবধায়ক হিসাবে কাজ করে গেছেন। ১৮৫৫ সালে তিনি নার্স প্রশিক্ষণের জন্য তহবিল সংগ্রহের জন্য কাজ শুরু করেন। নিরলস প্রচেষ্টায় ১৮৫৯ সালে তিনি নাইটিঙ্গেল ফান্ডের জন্য সংগ্রহ করেন প্রায় ৪৫ হাজার পাউন্ড। পরবর্তী সময়ে তিনি ভারতবর্ষের গ্রামীণ মানুষের স্বাস্থ্য ব্যবস্থার ওপর গবেষণা চালান। যা ভারতবর্ষে উন্নত স্বাস্থ্যসেবা পৌছে দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা অবদান রাখে। ইংল্যান্ডের স্বাস্থ্য ব্যবস্থা উন্নয়নেও তিনি বিশেষ ভূমিকা পালন করেছেন। ১৮৫৯ সালে তিনি 'রয়্যাল স্ট্যাটিসটিক্যাল সোসাইটির' প্রথম সারির সদস্য নির্বাচিত হন। লন্ডনের সেন্ট থমাস হাসপাতালে নার্সিংকে সম্পূর্ণ পেশারূপে প্রতিষ্ঠিত করার জন্য ১৮৬০ সালে তিনি প্রতিষ্ঠা করেন 'নাইটিঙ্গেল ট্রেনিং স্কুল' যার বর্তমান নাম 'ফ্লোরেন্স নাইটিঙ্গেল স্কুল অব নার্সিং'। এলিজাবেথ ব্ল্যাকওয়েলের সাথে যৌথভাবে ১৮৬৭ সালে নিউইয়র্কে চালু করেন 'উইমেন্স মেডিক্যাল কলেজ'। এ ছাড়াও তিনি বিভিন্ন সময় নার্সিংয়ের উপর বইও লিখেছেন। তিনি অসংখ্য পদক আর উপাধিতে ভূষিত হয়েছেন। ১৮৮৩ সালে রাণী ভিক্টোরিয়া তাকে 'রয়েল রেডক্রস' পদক প্রদান করেন। প্রথম নারী হিসাবে 'অর্ডার অব মেরিট' খেতাব লাভ করেন ১৯০৭ সালে। ১৯০৮ সালে লাভ করেন লন্ডন নগরীর 'অনারারি ফ্রিডম' উপাধি। এ ছাড়াও ১৯৭৪ সাল থেকে তার জন্মদিন ১২ মে পালিত হয়ে আসছে 'ইন্টারন্যাশনাল নার্সেস ডে'। যার মধ্যেমে সম্মান জানানো হয় এক নারীকে যিনি তার কর্মে প্রতিষ্ঠিত।

শ্রীশ্রী অনুকূল ঠাকুর

আদর্শই দেশকে পারে বাঁচাতে। নাহলে গোটা দেশটা একেবারে ধ্বংসে পথ ধরে এগিয়ে চলতে থাকবে। ঠাকুর চেয়েছিলেন, দেশের তরুণরা আত্মনির্ভরতার ওপরে ভরসা করে এগিয়ে যাক। এটা একটি দীর্ঘকালীন পরিকল্পনা মানুষের মধ্যে গড়ে উঠুক। আত্মনির্ভরতা দিকে বিপদ থেকে উদ্ধার পেতে হবে। আত্মনির্ভরতা করতে মনে শক্তির সঞ্চয় বৃদ্ধি করতে হবে। শক্তি সম্পদ কীভাবে বাড়ানো যেতে পারে তার দিকে লক্ষ্য রাখতে হবে। নিজের শক্তি সম্পত্তি বৃদ্ধি করতে পারলেই দেশের শ্রীশক্তি সম্পদ বৃদ্ধি হবে। দেশকে সমৃদ্ধ করতে হবে।

ভগিনী নিবেদিতা

ভগিনী নিবেদিতা বলতেন, সর্বদাই মনের কথা খুলে বলবে। কারোর কঙ্গে বিবাদ করবে না। সব সময়ে সবার মধ্যে থেকে নিজের শ্রেষ্ঠত্ব পকাশ করার চেষ্টা করবে। নিজের শ্রেষ্ঠত্ব প্রকাশ করতে গেলে শক্তির প্রয়োজন। মানসিক শক্তি লাগবে। জাগতিক শক্তির কাছে গিয়ে উপস্থিত হতে হবে। নিজেদের অন্তরের ভিতরে যে ভগবান রয়েছে তার প্রকাশ ঘটাতে হবে। মনের ঈশ্বরকে যদি জাগ্রত করে যেউ যদি কোনও কিছু করতে চায় তাহলে তাকে পরাস্ত করা খুবই অসম্ভব। নিজের কাজকে সাফল্যের সঙ্গে উত্তরণ করতে হবে। ঠাকুর রামকৃষ্ণদেব বলেছেন, মনের ইচ্ছাকে পরিস্ফুটিত করতে হবে। মনের মধ্যে যে ভালোবাসা রয়েছে তার বিকাশ ঘটাতে হবে। আত্নরিক হতে হবে। সব সময় ঈশ্বর শক্তি পাওয়ার জন্য সাধনা করতে হবে। ঈশ্বর শক্তি পাওয়ার পর সেটা যেন অপব্যবহার না করা হয় তার দিকে খেয়াল রাখতে হবে। নিজের ওপরে ভরসা রাখতে হবে। মনের মধ্যে শিক্ষার প্রসার ঘটাতে হবে।

ভারতের সশস্ত্র সংগ্রামের ইতিহাসে বাংলার বিপ্লবী অরবিন্দের নাম উল্লেখযোগ্য হয়ে থাকবে

বিশেষ প্রতিবেদক

(১৫ আগস্ট ১৮৭২ সালে জন্মগ্রহণ করেন। ১৯৪৭ সালে ভারতের স্বাধীনতা লাভের পর তিনি বেতার কেন্দ্র থেকে জাতির উদ্দেশ্যে ভাষন দিয়েছিলেন পণ্ডিচেরি থেকে। তাঁর জন্মদিনের ভারত স্বাধীনতা লাভ করে। তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেই আজকের এই প্রতিবেদন)



১৮৯৩ সালে অরবিন্দ বিলেত থেকে বরোদায় এসে উপস্থিত হন। তিনি সেখানে গাইকোয়াডের এস্টেটে কাজ গ্রহণ করেন। তাঁর হাতে সেখানকার প্রশাসনিক দায়িত্বভার তুলে দেওয়া হয়েছিল। তিনি সব কিছু দেখাশুনা করতেন এবং তাঁর নির্দেশ অনুসারে তা পালন করা হতো। তখন তিনি বাংলার বিপ্লবী আন্দোলন নিয়ে বিশেষ চিন্তা ভাবনা না করে আধুনিক শিক্ষা ব্যবস্থা প্রচলন করার দিকে বেশি করে মনোযোগ দিতে থাকেন। ১৮৯৯ সালে জাপানের শিল্পী ওকাকুরা এসেছিলেন ভারত সফরে। তিনি কলকাতায় এসে উপস্থিত হলে তাঁকে সম্বর্ধনা দেওয়ার উদ্যোগ গ্রহণ করেছিলেন ব্যারিস্টার পি মিত্র, কবি দ্বিজেন্দ্রলাল রায় এবং তেঘরিয়ার জমিদার শশীভূষণ রায়চৌধুরী এবং যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ। এই সভায় চিত্রশিল্পী ওকাকুরা বলেছিলেন, ভাবতের মহান ঐতিহ্য সত্ত্বেও আজও এদেশ কেন পরাধীন, আর সাহিত্যিকেরা কেন এই পরাধীন মোচনে নিশ্চিষ্ট। এই মৃদু ভর্ৎসনা সেই সময়ে প্রমথনাথের মনে আঘাত করেছিল। তারপরে দীর্ঘ আলোচনা পরই ১৯০২ সালের দোল পূর্ণিমার দিন 'অনুশীলন সমিতি' আত্মপ্রকাশ করলো। এই সংস্থার সভাপতি হলেন ব্যারিস্টার পি মিত্র। সহ সভাপতি হলেন চিত্তরঞ্জন দাস। তখনও তিনি দেশবন্ধু বলে পরিচিতি লাভ করেননি। কোষাধ্যক্ষ হলেন সুরেন্দ্রনাথ ঠাকুর এবং সম্পাদক হলেন সতীশচন্দ্র দাস। স্বামী বিবেকানন্দের সঙ্গে এই সমিতির সম্পর্ক গড়ে ওঠেনি। তা কারণ এই সংস্থা প্রতিষ্ঠা লাভের কয়েক মাস পরে বিবেকানন্দ পরলোক গমন করেন। তবে ভগিনী নিবেদিতার সঙ্গে এই সমিতির সম্পর্ক তৈরি হয়ে গিয়েছিল। বাংলার বিপ্লবী আন্দোলনের সঙ্গে যুক্ত থাকার উদ্দেশ্যে ভগিনী নিবেদিতা বেলুড় মঠ ত্যাগ করেন। তাঁর স্বাধীন চিন্তাকে স্বার্থক করে তোলার জন্য তিনি বেলুড় মঠের সম্পর্ক ত্যাগ করলেন। তিনি উপলব্ধি করতে পেরেছিলেন বেলুড় মঠের সঙ্গে সম্পর্ক রাখলে তাঁর অন্য কাজগুলি একেবারে অসমাপ্ত থেকে যাবে। সেই কারণে তিনি বেলুড় মঠ থেকে নিজেকে আলাদা করে নিয়েছিলেন। ১৯০৩ সালে তিনি বরোদায় গিয়ে উপস্থিত হলেন আমন্ত্রিত অতিথি হয়ে। সেখানে তাঁকে স্টেশনে অভ্যর্থনা দিয়ে যাঁরা নিয়ে এসেছিলেন তাঁদের মধ্যে অরবিন্দও ছিলেন। তিনি বরোদায় উপস্থিত হয়ে গাইকোয়াডের কাছে প্রস্তাব রাখলেন যে বাংলার বিপ্লবী আন্দোলনকে পূর্ণ সহযোগিতা করতে হবে। কিন্তু গাইকোয়াড পরিস্কার করে নিবেদিতাকে বলে দিয়েছিলেন যে তাঁর সমর্থন পেতে গেলে আগে অরবিন্দের সঙ্গে মতকে পেতে হবে। তিনি সম্মতি দিলে তবেই এ ব্যাপারে সহযোগিতা করতে পারেন। অরবিন্দের সঙ্গে বাংলার বিপ্লবী আন্দোলন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেছিলেন নিবেদিতা। বাংলার বিপ্লবী সংগঠন গড়তে মানসিক প্রস্তুতি গ্রহণ করতে শুরু করে দিলেন অরবিন্দ। বিপ্লবী আন্দোলনকে ত্বরান্বিত করতে এবারে তিনি মহারাষ্ট্রের বালগঙ্গাধর তিলকের সঙ্গে যোগাযোগ করতে শুরু করলেন।

বাংলার বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন ঃ ১৯০৫ সালে বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের মধ্যে দিয়ে শ্বেতাঙ্গদের বাংলা থেকে বিদায় দিতে হবে সেই মানসিকতা প্রভাব বিস্তার করতে শুরু করে। এই আন্দোলনের মধ্যে দিয়ে সর্বস্তরে বার্তা পৌঁছে গেল আর বিদেশি শাসন চাই না। এই শাসন দেশকে ভাগ করতে শেখায়। বাংলা ভাগ করে ইংরেজ সরকার ভারতীয়দের মনে জাতীয় চেতনার উন্মেষ ঘটিয়ে দিল। স্বদেশ চেতনা বৃদ্ধি পেল। সেই সময়ে দেশাত্মবোধের বীজ রোপন করেছিলেন অরবিন্দ। তিনি বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের মধ্যে দিয়ে জাতীয় জাগরণ সৃষ্টি করলেন। তিনি অনুভব করতে পেরেছিলেন এই সময়টা বাংলার বিপ্লবী আন্দোলন গড়ে তোলার উপযুক্ত সময়। তারপরে বিপ্লবের উদ্যোগপর্ব শুরু হতে থাকে। বিপ্লবী সংগঠনকে মজবুত করতে এবারে ডাক পড়লো বারীন্দ্রকুমার ঘোষের। তিনি গুপ্ত সমিতি নির্মাণে করতে ইচ্ছুক তরুণদের সন্ধান করতে শুরু করে দিলেন। ভগিনী নিবেদিতা গুপ্তসমিতির তরুণ সদস্যদের ক্লাস নিতেন। সেখানে ফরাসী বিপ্লব থেকে শুরু করে আমেরিকার স্বাধীনতা সংগ্রামের ইতিহাসের ব্যাখ্যাও তিনি করতেন।

১৮৯৬ সালে রবীন্দ্রনাথ ভারতের জাতীয় কংগ্রেস অধিবেশনে 'বন্দে মাতরম' গানটি নিজ কণ্ঠে গেয়েছিলেন। ম্যাজিস্ট্রেট কিংসফোর্ডের নাম বিপ্লবীদের হত্যা তালিকা ছিল না। তখন বিপ্লবীদের হত্যা তালিকা নাম ছিল চার্লস টেগার্ট, লাট সাহেব ফুলার এবং চন্দননগরের মেয়র তার্দিভেলের নাম। কিন্তু ম্যাজিস্ট্রেট কিংসফোর্ড 'বন্দে মাতরম' পত্রিকার ওপরে নিষেধাজ্ঞা জারি করতেই তাঁর নাম বিপ্লবীদের হত্যা তালিকার খাতায় এসে উপস্থিত হল। 'বন্দে মাতরম' পত্রিকা মামলা চলার সময়ে রাস্তায় প্রচুর জনসমাগম হয়েছিল। সেই জনসমাগমকে পুলিশ নিয়ন্ত্রণ করতে পারছিল না। সেই সময়ে সুশীল সেন নামে একজন চোদ্দ বছরের বালক চড়াও হল একজন শ্বেতাঙ্গ পুলিশের ওপরে। তিনি সাহেব পুলিশের মুখে ঘুসি মেরে ছিলেন। সেই অপরাধে ম্যাজিস্ট্রেট কিংসফোর্ড সুশীল সেনকে ১৫ বার বেত্রাঘাত করার নির্দেশ দেন। পনেরো বার বেত্রাঘাত খাওয়া সময়ে সুশীল পনেরো বার 'বন্দে মাতরম' উচ্চারণ করেছিলেন। কিংসফোর্ড হত্যার পরিকল্পনা কালে সুশীল সেনের নাম উঠে এসেছিল। সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল মুজফফরপুরে গিয়ে কিংসফোর্ডকে হত্যা করতে হবে। সুশীল এবং প্রফুল্ল চাকিও থাকবে। পরে সুশীলকে তালিকা থেকে দিয়ে দেওয়া হয় ক্ষুদিরামকে যুক্ত করা হয়েছিল।

লাট সাহেব ফুলার হত্যার পরিকল্পনা ঃ বাংলার পূর্বাঞ্চলের লাট সাহেব ছিলেন স্যার ব্যামফিল্ড ফুলার। তাঁর আদেশে পূর্ব বাংলার 'বন্দে মাতরম' স্লোগান নিষিদ্ধ করা হয়েছিল। এবারে ফুলারকে সরিয়ে দেওয়ার বৈঠক হল। সেই বৈঠকে উপস্থিত ছিলেন রাজা সুবোধ মল্লিক, অরবিন্দ এবং চারু রায়। বারীন ঘোষের হাতে দায়িত্ব দেওয়া হল। বারীন ঘোষ এবং মণী লাহিড়ী শিলংয়ের উদ্দেশ্যে পাড়ি দিলেন। তাঁরা সেখানে গিয়ে জানতে পারলেন লাটসাহেব গোহাটি গিয়েছেন। তারপরে তাঁরা সংবাদ পেলেন লাট সাহেব রংপুরে দিকে গিয়েছেন। সঠিক কোথায় যাচ্ছেন সেই খবর বিপ্লবী পাচ্ছিল না। শেষে গোয়ালন্দের স্টেশনে লাট সাহেব আসার খবর পেয়ে সেখানে স্টেশনে বোমা বেঁধে রাখা হয়েছিল। লাটসাহেবের রেল গাড়ি এসেছিল। কিন্তু সেই দিকে না গিয়ে উল্টো দিকে ফিরে চলে গিয়েছিল লাট সাহেব ফুলারের গড়ি। তার ফলে ফুলার হত্যা হল না। পরিকল্পনা ব্যর্থ হল। ঠিক হল বিলাতে গিয়ে ফুলারকে হত্যা করা হবে।

লাট সাহেব স্যার অ্যান্ড্রু ফ্রেজার হত্যার পরিকল্পনা ঃ পশ্চিমবঙ্গের লাট সাহেব স্যার অ্যান্ড্রু ফ্রেজার হত্যার পরিকল্পনা গ্রহণ করেছিলেন অরবিন্দ। সেই হত্যার দায়িত্ব এসে পড়ে বারীন ঘোষের ওপরে। বারীন ঘোষ রেল লাইনে বোমার রাখার দায়িত্ব দিয়েছিলেন নরেন গোঁসাইয়ের ওপরে। বারীন ঘোষ, উল্লাসকর দত্ত এবং বিভূতি চন্দননগরে বেশ কয়েকদিন ছিলেন। মানকুণ্ডু লাইনের ওপরে বোমা রাখা হয়েছিল। সেটাও ফাটেনি। মেদিনীপুরের নারায়ণ গড়ে গিয়ে বিপ্লবীরা লাটকে হত্যার পরিকল্পনা গ্রহণ করেছিল। এবারে লাইনের নিচে ডিনামাইট পুঁতে রেখে এসেছিলেন বিভূতি। সেই ডিনামাইট ফাটলেও লাটের কোনও ক্ষতি হয়নি। পুলিশ নড়েচড়ে বসে এবং অপরাধীদের ধরার জন্য পুরস্কার ঘোষণা করেছিল।

ম্যাজিস্ট্রেট কিংসফোর্ড হত্যার পরিকল্পনা ঃ বাংলার সশস্ত্র আন্দোলনে সবচেয়ে ভয়ঙ্কর সিদ্ধান্ত হল ম্যাজিস্ট্রেট কিংস ফোর্ড হত্যার পরিকল্পনা। ক্ষুদিরাম ও প্রফুল্লকে পাঠানো হল

আন্দামান সেলুলার জেল ছিল বাঙালি বিপ্লবীদের শাস্তিস্থল

প্রতি বছরই বহু লোক ঘুরতে যান এই আন্দামানে। যারা আন্দামান সেলুলার জেল দর্শন করতে যান তারা সকলেই মূল ফটক দিয়ে ঢুকলে দেখতে পান শহীদ পার্ক। আর সেখানেই আছে ছয় জন বিপ্লবীর ভাস্কর মূর্তি। একটি মূর্তির নীচে ইংরেজি ও হিন্দিতে লেখা আছে ইন্দুভূষণ রায়। কে এই ইন্দু ভূষণ? কি তাঁর আসল পরিচয়? বাইশ বছরের ছেলে নাম ইন্দুভূষণ রায়। আলিপুর বোমা মামলায় সাজা পেয়ে আন্দামানের সেলুলার জেলে এসেছেন। নির্দয় ব্রিটিশ জেলার তাঁকে কাজ দিল জঙ্গলে। কঠিন কাজ ঊ জঙ্গলে এক বিশেষ ধরণের আন্দামানি গাছ আছে, সেই গাছের ছাল ছাড়িয়ে আঁশ বের করতে হবে। গাছের আঁঠার বিষে কয়েকদিনের মধ্যেই দুই হাতে ঘা হল ইন্দুভূষণের। তবুও ছাড় পেলেন না। একদিন জমাদারকে বললেন অন্যদের মত তাঁকেও জেলের ভিতরের কাজ দিতে রাজি হল জমাদার। ইন্দুভূষণের হাতে পায়ে বেড়ি লাগিয়ে কাজ দেওয়া হল জেলের ভিতরে। খানিকটা খুশি হলেন ইন্দুভূষণ। জেলের ভিতর অন্তত পরিচিত কিছু মুখ দেখা যাবে বলে আশা প্রকাশ করলেন। দুদিন পরেই আবার হুকুম এল, ইন্দুভূষণকে জঙ্গলে গিয়েই কাজ করতে হবে। এবার বেঁকে বসলেন ইন্দু। কিন্তু কেই বা শুনবে? জেলার আরও কঠিন শাস্তি দিলেন। আগের চেয়েও দ্বিগুণ কাজ জঙ্গলে গিয়ে করতে হবে এই আদেশ এল। ইন্দুভূষণ কয়েকদিন জঙ্গলে কাজ করলেন। দুই হাতের বিষাক্ত ঘা ভয়াবহ আকার নিল। জেলারকে গিয়ে ইন্দুভূষণ বললেন, তাঁকে অন্য কাজ দিতে জেলার রাজি হলেন না। ইন্দুভূষণ হাত দেখিয়ে বললেন, ঘায়ের জন্যে ডান হাত দিয়ে ভাত খেতেও পারছিলেন না। জেলার হাতের দিকে না তাকিয়েই উত্তর দিলেন, বাঁ হাত দিয়ে খাও ঊ ইন্দুভূষণ বাঁ হাত দেখিয়ে বললেন, বাঁ হাতেও ঘা ভরে গেছে, কয়েকদিনের জন্যে আপনি আমাকে অন্য কাজ দিন, ঘা ঠিক হয়ে গেলে আবার জঙ্গলের কাজ দেবেন। ক্ষিপ্ত হয়ে উঠে জেলার বলে, ঠিক আছে অন্য কাজ দিচ্ছি, কাল থেকে ঘানি টানবে। ইন্দুভূষণের চোখ থেকে জল বেরিয়ে আসে। কাতর হয়ে জেলারকে অনুরোধ করে, স্যার এই হাত দিয়ে ঘানি টানা সম্ভব না, যন্ত্রনায় মরে যাব। এসব বাজে আবেদনে কান দিতে চায় না জেলার। ইন্দুভূষণ বুঝতে পারল তাঁর আবেদন কেউ শুনবে না। এই যন্ত্রনা নিয়ে বেঁচে থাকা অসম্ভব ছিল। দিন ১৯১২ সালের ৯ এপ্রিল। ঐদিন রাতে সেলের নির্জন কুঠুরির অন্ধকারে ইন্দুভূষণ নিজের গায়ের কুর্তাটা টান দিয়ে ছিড়ে ফেললেন। সেই কাপড় গলায় জড়িয়ে আত্মহত্যা করে ইন্দুভূষণ রায়।

ইন্দ্রভূষণ রায়ের জন্ম ১৮৯০ সালে খুলনায়। স্কুলের পরীক্ষায় ফেল করায় তাঁকে নাকি বিয়ে দিয়ে সংসারের জোয়ালে বাঁধার তোড়জোড় হচ্ছিল। আধ্যাত্মিক প্রকৃতির বন্ধনভীরু ইন্দু কলকাতায় চলে আসেন। সেখানে আলাপ হয় বারীন ঘোষের সঙ্গে। বারীন ঘোষ তাঁকে মানিকতলার বাগান বাড়িতে নিয়ে যান। বিপ্লবী মন্ত্রে দীক্ষিত হলেন ইন্দু। সেই সময় ফরাসী অধিকৃত চন্দননগর বিপ্লবীদের অস্ত্র সংগ্রহের একটি প্রধান উৎসস্থল ছিল। তৎকালীন মেয়র সেই উৎসটি বন্ধ করার জন্য উঠে পড়ে লেগেছিলেন। বারীন ঘোষ ইন্দুভূষণকে দায়িত্ব দেন ওই মেয়রকে হত্যা করার। ইন্দুভূষণ মেয়রের বাড়িতে বোমা নিক্ষেপ করেন। ভাগ্যক্রমে বেঁচে গিয়ে মেয়র তার্দিভেল। বিলাতে চলে যান। পরবর্তীতে বিখ্যাত আলিপুর বোমা মামলায় অভিযুক্ত হন ইন্দুভূষণ রায়। দশ বছর দীপান্তরের সাজা হয় তাঁর আন্দামান সেলুলার জেলে। আন্দামান সেলুলার জেলে বেশিরভাগ কয়েকটি ছিল বাঙালি। বাঙালি বিপ্লবীদের ধরে নিয়ে গিয়ে সেখানে নির্বাসন দেওয়া হতো। কারোর কারাজীবন ছিল দশ বছর আবার কারোর বারো বছর।

সুভাষ চন্দ্র বোস প্রেসিডেন্সি কলেজের ছাত্র থাকাকালীনই ব্রিটিশ বিরোধী হন

বিশেষ প্রতিবেদক

প্রেসিডেন্সি কলেজে যে গোলযোগ সৃষ্টি হয়েছিল তা কিন্তু সহজে মিটে যায়নি। দু'দুটো তদন্ত কমিটি তৈরি করা হয়েছিল। প্রথম তদন্ত কমিটি তৈরি করেছিলেন প্রেসিডেন্সি কলেজের অধ্যক্ষ জেমস। তারপরে দ্বিতীয় তদন্ত কমিটির তৈরি করা হয়েছিল আশুতোষ মুখোপাধ্যায়ের তত্ত্বাবধানে। কলেজের অধ্যক্ষকে এই কমিটির সদস্য করা হয়েছিল। কিন্তু অধ্যক্ষের সঙ্গে কোনও আলোচনা ছাড়াই এই

তদন্ত কমিটি তৈরি করা হয়েছে তাই অধ্যক্ষ নিজেকে অপমানিত বোধ করে কমিটির সদস্যপদ থেকে নিজেকে সরিয়ে নেন এবং বিশেষ করে আশুতোষ মুখোপাধ্যায়ের অন্তর্ভুক্তি অধ্যক্ষ মনে প্রাণে গ্রহণ করে নিতে পারেননি। তবে তদন্ত কমিটির সামনে ওটেন কোনও ছাত্রে নাম করে নালিশ করেননি। তিনি কি ঘটনা হয়েছিল তাও পরিস্কার করে বলতে পারেননি বা বলার ইচ্ছা প্রকাশ করেননি। তাহলে দেখা গেল যে শিক্ষক স্বয়ং ছাত্রদের নামে নালিশ করতে অপারগ হচ্ছেন। যে শিক্ষক লাঞ্ছিত হয়েছেন তিনি নিজেই তদন্ত কমিটির কাছে দোষী ছত্রে নাম বলতে পারছেন না কিংবা দ্বিধাবোধ করছেন। তাহলে দেখতে পাওয়া গেল যে পারিপার্শ্বিক আবহাওয়া থেকে তদন্ত কমিটি ঘটনার সত্যকে প্রকাশ করেছেন বা বলতে গেলে বহু কথার মধ্যে দিয়ে সার কথাটাকে প্রকাশ করেছেন। তদন্ত কমিটির সদস্যারা প্রকৃত অভিযুক্ত ছাত্রদের নাম বলতে পারেনি। তারা অনুমান করতে শুরু করে দিয়েছিল যে সুভাষ চন্দ্র বাস এবং অনঙ্গমোহন দাম দোষী ছিল। সেই নিগৃত শিক্ষক পরবর্তীকালে সুভাষ বোসের রহস্যজনক নিহত হওয়ার সংবাদ ব্যথিত করে ছিল এবং তিনি আশ্চর্য হযেছিলেন। হাজার হোক সুভাষ বোস তাঁর ছাত্র ছিলেন। শিক্ষক হিসাবে তিনি তাঁর সুভাষকে ছাত্রকে সম্মান দিয়ে একটি সনেট রচনা করেছিলেন যার সন্ধান পাওয়া গিয়েছিল ১৯৬৭ সালে। তাহলে বুঝতে পারা যাচ্ছে যে শিক্ষক ওটেন সুভাষকে যথেষ্ট স্নেহ করতেন। তিনি প্রেসিডেন্সি কলেজের প্রত্যেক ছাত্রদের ভালোবাসতেন। তিনি চাইতেন ছাত্ররা তাঁর কাছ থেকে শিক্ষা গ্রহণ করে জগৎ সভায় যতে বড় হতে পারে। সেই দিকে তাঁর বেশি নজর ছিল। সেই কারণে তিনি ক্লাস চলাকালীন কোনও গণ্ডগোল বরধাস্ত করতে পারতেন না। তবে এটা ঠিক যে ওডেন নিজেকে একজন বলিষ্ট ইংরেজ শিক্ষক হিসাবে প্রতিষ্ঠিত করতে আগ্রহ প্রকাশ করতেন। তিনি ছাত্রদের কাছে ব্রিটিশ গর্বের কথাকে তুলে ধরতেন এবং তার সঙ্গে বাংলার বিশেষ করে ভারতের তুলনা করতে বহু নিন্দামূলক বাক্য ব্যবহার করতে পারেন। সেই কারণে শিক্ষক ওটেনের ওপরে ছাত্র সমাজ বেশ রুষ্ট ছিল। তব শিক্ষক হিসাবে ওটেন যে খুব উঁচু দরের শিক্ষক ছিলেন সেটা পরিস্কার হয়ে গিয়েছে যখন তিনি তদন্ত কমিটির সামনে কোনও ছাত্রের নাম ধরে নালিশ করেননি। ছাত্ররা তাঁর কাছে ছেলে মানুষ। তারা মধ্যে মধ্যে মাথা গরম করে থাকতে পারে। তা বলে তাদেরকে কলেজ থেকে বহিস্কার করে দেওয়া বা উপযুক্ত শাস্তি দেওয়ার পক্ষে ছিলেন না শিক্ষক ওটেন। ওটেন নিগ্রহের পরে ছাত্ররা ধর্মঘটের ডাক দিয়েছিল। তারা দুইদিন ক্লাস করেনি। ছাত্ররা দাবি করতে শুরু করে দিয়েছিল যে ওটেন ছাত্রদের গায়ে হাত দিয়েছেন। এর প্রতিকার করতে হবে। শিক্ষক ওটেনকে কেন্দ্র করে যেভাবে কলেজের পরিস্থিতি ক্রমশ উত্তপ্ত হয়ে উঠতে শুরু করে দিয়েছিল তাতে শেষ পর্যন্ত দেখতে পাওয়া গেল যে শিক্ষকতার পদ থেকে নিজেকে সরিয় নিয়ে ওটেন সামরিক বাহিনীতে যোগদান করলেন। তবে তদন্ত কমিটির সামনে সুভাষ সব দোষের বোঝা নিজের কঁধে বহন করেছিলেন। আসলে ওটেনের ঘটনাটি হচ্ছে রাজপুরুষদের প্রতি ভারতীয়দের প্রতিবাদ। কলেজ তথা কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে বহিস্কার হয়েছিলেন সুভাষ। পরে কলিকাতা বিশ্ববিদ্যালয় ২.০৭.১৯১৭ সালে সুভাষের বিরুদ্ধে অভিযোগ তুলে নেয়। তার ফলে সুভাষ চন্দ্র স্কটিশ চার্চ কলেজে দর্শন শাস্ত্রে অনার্স নিয়ে এবং বিএ ক্লাসে ভর্তি হন এবং ১৯১৯ সালে তিনি পরীক্ষায় দ্বিতীয় স্থান লাভ করেন।

এরপরে আর সুভাষের সঙ্গে ওটেনের কোনও সাক্ষাৎ বা আলোচনা হয়নি। ১৯৫০ সালে প্রেসিডেন্সি কলেজের শতবর্ষ স্মারক পত্রিকায় অধ্যাপক ওটেন কলজের পড়াশুনার অভিজ্ঞতার কথা নিয়ে একটি ছোট স্মৃতিচারণা করেছিলেন। সেখানে ছাত্র ধর্মঘট কথা উল্লেখ থাকলেও সুভাষের কথা সেখানে ছিল না। তবে ১৯৪৫ সালে সুভাস বোসের রহস্যজনক মুত্যর খবর পাওয়া মাত্র তিনি যে ব্যথিত হয়েছিলেন তা পরিস্কার। সুভাষের প্রতি স্নেহ ভালোবাসা দিয়ে একটি সনেট রচনা করেছিলেন তিনি। সনেটটি হল -" Did I once suffer, Subhash, at your hand? /Your patriot heart is stilled! I would forget! / Let me recall but this, that while as yet /The Raj that you once challenged in your land / Was mighty, Icarus -like your courage planned / To met the skies ...

লেখকের কলমে প্রমথ চৌধুরী

বিশেষ প্রতিবেদক

রবীন্দ্রনাথ স্বয়ং সাধুভাষা ব্যবহার প্রায় ছেড়েই দিলেন। ঝুঁকলেন আম-জনতার মুখের ভাষায়। বাংলা সাহিত্যের ইতিহাসে জামাইয়ের হাতে শ্বশুরের এমন দীক্ষা গ্রহণ প্রথম ও অদ্বিতীয়। জামাইয়ের নাম প্রমথ চৌধুরী তাঁর সহধর্মিণী ইন্দিরা। সন্তানসম্ভবা জ্ঞানদানন্দিনীর খুব ইচ্ছে এবার মেয়ে হোক। কোল আলো করে এসেছিলেন কন্যা ইন্দিরা। প্রাণভরে তাঁকে সাজাবেন, জননীর ইচ্ছেপূরণ হয়েছিল। অপরূপা ইন্দিরা শুধু রূপে নয় গুণবতী হিসেবে নিজের স্বতন্ত্র পরিচিতি প্রতিষ্ঠিত করেছেন। ঠাকুরবাড়ির মেয়েদের মধ্যে সর্বপ্রথম বি এ পাশ করেছিলেন। দাম্পত্য জীবনেও স্বামী ও স্ত্রী, উভয়ের মেধা, সাহিত্য চর্চা সেকালের অন্যতম সেরা দম্পতিদের তালিকায় থাকবে। ইন্দিরার স্বামী প্রমথ চৌধুরী কম কিসে! তিনি জমিদার বংশের সন্তান, সত্যেন্দ্রনাথ ঠাকুরের জামাতা, বিলিতি শিক্ষাপ্রাপ্ত, সর্বোপরি রবীন্দ্রনাথের বিশেষ স্নেহভাজন। বাংলা সাহিত্যে চলিত গদ্যরীতির প্রবর্তক। বাংলা সাহিত্যে তাঁর অবদান অনস্বীকার্য। বাংলা সাহিত্যের গতিপথ ঘুরিয়ে দিয়ে নতুনত্ব এনেছিলেন। রবীন্দ্র নাথ সম্পর্কে প্রমথ চৌধুরী একটি ঐতিহাসিক কৃতিত্ব দাবি করতে পারেন, সবুজপত্রের সম্পাদক রূপে তিনি যেমন নতুন লেখক গড়ে ছেন, তেমন রবীন্দ্র নাথের মত প্রতিষ্ঠিত, শীর্ষ লেখককে চলতি ভাষার ধর্মে স্থায়ীভাবে দীক্ষা দিতে পেরেছিলেন।

সবাই জানেন কবির ভ্রাতুস্পুত্রী ইন্দিরা দেবী কবির স্নেহের অংশীদার হয়েছিলেন। তাঁকে উদ্দেশ্য করে যে সব চিঠি প্রথমে ছিন্নপত্র (পরে ছিন্নপত্রাবলী)- রূপে প্রকাশ হয়েছে সে সব চিঠি চলতি ভাষায় লেখা। তার আগে এমন সুন্দর চলতি ভাষায় কোনও লেখকের কোনও রচনা ছাপার অক্ষরে বেরোয় নি। কালীপ্রসন্ন সিংহ হুতোমীয় ভাষার প্রবর্তক ছিলেন তা ওই খানে শেষ। আর কেউ সাহিত্য রচনায় (কথোপকথনের ভাষা ভিন্ন) এ ভাষা ব্যবহার করেন নি। রবীন্দ্রনাথ ও না। আশ্চর্য ব্যাপার এই রবীন্দ্রনাথ চলতি ভাষায় ইন্দিরাকে চিঠি লিখলেন, এবং যে ভাষা নিজে সাহিত্য রচনায় ব্যবহার করলেন না, সেই চলতি ভাষায় লেখা চিঠির উদ্দিষ্টা ইন্দিরা দেবীকে বিয়ে করে প্রমথ চৌধুরী রবীন্দ্রনাথকে রবীন্দ্রনাথের ভাষায় এমন ভাবে দীক্ষিত করলেন, সবুজপত্রের যুগের পরে রবীন্দ্রনাথ স্বয়ং সাধুভাষা ব্যবহার প্রায় ছেড়েই দিলেন। জামাইয়ের হাতে এমনভাবে শ্বশুরের দীক্ষা গ্গ্রহণ বাংলা সাহিত্যের ইতিহাসে প্রথম ও অদ্বিতীয়।

প্রমথ চৌধুরী তাঁর আত্মকথায় মজার এক কাহিনী লিখেছেন। বোধহয় ১৮৮৪ খ্রিঃ সরস্বতী পুজোর দিন, হঠাৎ গরম পড়ায় আমি হুজুরিমল ট্যাঙ্ক লেন থেকে হেঁটে প্রেসিডেন্সি কলেজের দক্ষিণের মাঠে এসে উপস্থিত হই। এসে দেখি আমার বন্ধু নারায়ণ প্রসাদ শীল সেখানে একটি গাছতলায় শুয়ে আছেন। তিনি আমাকে বললেন যে অ্যালবার্ট হলে রবীন্দ্রনাথ ঠাকুর কি একটা বক্তৃতা করছেন, আর সঙ্গে নিয়ে এসেছেন তাঁর একটি বালিকা ভ্রাতুস্পুত্রীকে।.... নারায়ণ বললেন 'রবীন্দ্রনাথের বক্তৃতা না শুনতে চাও, অন্তত তাঁর ভ্রাতুস্পুত্রীটিকে দেখে চলে আসি চল। শুনছি মেয়েটি না কি অতি সুন্দরী। আমি উত্তর করলুম, 'পরের বাড়ির খুকি দেখবার লোভ আমার নেই'। প্রমথ চৌধুরী ইন্দিরাকে বিয়ে করেন।

পরম্পরাগত প্লাস্টিক ব্যবহারের পরিবর্তে বায়োডিগ্রেডেবল কম্পোস্টেবল উপকরণ গ্রহণের জন্য আইআইটি গুয়াহাটির সাথে সহযোগিতা উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের

মালিগাঁও, ১৪ আগস্ট ঃ জেনারেল ম্যানেজার শ্রী চেতন কুমার শ্রীবাস্তবের নেতৃত্বে, উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে প্রচলিত প্লাস্টিকের পরিবর্তে বায়োডিগ্রেডেবল এবং কম্পোস্টেবল উপকরণ প্রবর্তন করার জন্য আইআইটি গুয়াহাটির সাথে হাত মিলিয়ে পরিবেশগত স্থাযিত্বের দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। আইআইটি গুয়াহাটির অভ্যন্তরীণ গবেষণা ও বিকাশ কেন্দ্রতে অধ্যাপক বিমল কাটিযারের নেতৃত্বে তৈরি এই আইএসও ১৭০৮৮ অনুরূপ বায়ো-প্লাস্টিকটি কম সময়ের মধ্যেই কম্পোস্টে নষ্ট হয়ে যায়। পাইলট পদক্ষেপ হিসেবে, ১৫ আগস্ট ২০২৫ তারিখে, উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে তার সমস্ত ট্রেনে যাত্রীদের লিনেন বিতরণের জন্য ব্যবহৃত প্রচলিত ব্যাগগুলির পরিবর্তে পরিবেশ বান্ধব সবুজ বেড-রোল ব্যাগ বিতরণ করার পরিকল্পনা করেছে। ভারতের ৭৯তম স্বাধীনতা দিবস উপলক্ষ্যে, অসম, পশ্চিমবঙ্গ, বিহার, ত্রিপুরা এবং অরুণাচল প্রদেশের টার্মিনাল থেকে রওনা দেওয়া ২৫টি ট্রেনে প্রায় ৪০,০০০টি ব্যাগ বিতরণ করা হবে। উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে সর্বদাই



তার পরিবহন ব্যবস্থার ক্ষেত্রে পরিবেশবান্ধব পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে এগিয়ে রয়েছে। এই জোন দ্রুত রেলওয়ে বৈদ্যুতিকরণ, সৌরশক্তি উপাদন, হাতী এবং অন্যান্য জীব-জন্তুর সুরক্ষার জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা-ভিত্তিক অনুপ্রবেশ সনাক্তকরণ ব্যবস্থা, বৃষ্টির পানি সংগ্রহ, দ্রুত জল সরবরাহ ব্যবস্থা, অটোম্যাটিক কোচ ওয়াশিং প্ল্যান্ট, বায়ো- টয়লেট, মেকানাইজড ক্লিনিং সিস্টেম, কঠিন বর্জ্যের সার তৈরি, বনায়ন এবং বর্জ্য জমিকে সবুজ এলাকায় রূপান্তর বাস্তবায়ন করেছে। উল্লেখযোগ্যভাবে, কামাখ্যাস্থিত ইনোকুলাম জেনারেশন প্ল্যান্ট জৈব-অবচনযোগ্য বর্জ্য পুনর্ব্যবহারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, যা ব্যবহৃত বেড-রোল ব্যাগগুলিকে নতুন ব্যাগে পুনঃপ্রক্রিয়াকরণে সহায়তা করেছে, যার ফলে প্লাস্টিক দূষণ আরও কমে গেছে। আইআইটি গুয়াহাটির সাথে সহযোগিতা, উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের স্থায়ী পরিবেশ-বান্ধব পদক্ষেপের সাথে মিলিত হযে, সবুজ রেলওযে পরিচালনের দিকে একটি ব্যবহারিক এবং স্কেলযোগ্য পদ্ধতির পরিচয় দেয়। এই পদক্ষেপটি কেবল স্থায়ী এবং পরিবেশগতভাবে দায়িত্বশীল সমাধানের মাধ্যমে যাত্রীদের সুবিধা বৃদ্ধি করে না বরং ল্যান্ডফিল বর্জ্য হ্রাস, কার্বন ফুটপ্রিন্ট হ্রাস এবং প্রাকৃতিক সম্পদ সংরক্ষণেও অবদান দেয়। পরিবেশগত দায়িত্বের সাথে কার্যক্ষম দক্ষতার সমন্বয় সাধনের মাধ্যমে, উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে রেলওয়ে সেক্টর এবং এর দ্বারা পরিষেবা প্রদান করা সম্প্রদায়ের জন্য একটি পরিষ্কার, সবুজ এবং আরও স্থায়ী ভবিষ্যত গড়ে তোলার ক্ষেত্রে উদাহরণ হিসেবে নেতৃত্ব দিয়ে চলেছে।

লামডিং ডিভিশনে ইঞ্জিনিয়ারিং কাজ

টেন্ডার নোটিশ নং.: এলএমজি/ইএনজিজি/৫৬ অফ ২০২৫, তারিখ: ১১-০৮-২০২৫; নিম্নস্বাক্ষরকারীগণ নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন; **আইটেমের সংক্ষিপ্ত বিবরণ** ঃ সিনিয়র ডিইএন/।/লামডিং -এর আওতাধীন শেনচোয়া-মৈরাবাড়ি (মোট=৪৯.৮০ কিমি) সেকশনে ৬০ কেজি (৯০ ইউটিএস) রেলের দ্বারা বিদ্যমান ৫২ কেজি রেলের বিজি টিআরআর(এস)। **টেন্ডার মূল্য:** ৪,১৪,৭২,৪৮৬.০৯/- টাকা; **বায়না মূল্য:** ৩,৫৭,৪০০/-টাকা; টেন্ডার **বন্ধের** তারিখ এবং সময় ০৪-০৯-২০২৫ তারিখে ১৫:০০ টায় এবং **খোলা** ০৫-০৯-২০২৫ তারিখে ১৫:০০ টায়। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য ০৪-০৯-২০২৫ তারিখে ১৫:০০ টা পর্যন্ত **www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।

ডিআরএম (ডব্লিউ), লামডিং

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

Notice Inviting e-Tender

Applications are invited from Bonafide contractors/agencies vide NIT bearing memo no. are-**03/A-II GP/25-26 (Sl.No 01 to Sl. No. 08), Dt-07/08/25** for CONSTRUCTION OF CC ROAD AND OTHERS under 15TH FC 2025-26 1ST INSTALLMENT UNTIED GRANT. Bid Submission last dt-20/08/25, up to 11.00 AM. The N.I.eT. Documents and others details is available in the website **wbtenders.gov.in.**

Sd/- Prodhan
Ashuti-II Gram Panchayat
T/Maheshtala Dev. Block
South 24 Parganas

ভিডুলা কেমিক্যালস অ্যান্ড ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড

CIN: L24239WB1980PLCO32554
নিবন্ধিত অফিসঃ৭ই নীলাম্বর বিল্ডিং, ২৮বি, শেক্সপিয়ার সরণি,
কলকাতা -৭০০০১৭ ফোন ০৩৩-২২৮৭ ৫০৭৩ ২২৪০ ৩৩০৬
ওয়েবসাইটঃ **www.vcmil.com** ই-মেইলঃ **companysecretary@groupmanjushree.com**

স্বতন্ত্র অননুমোদিত আর্থিক ফলাফলের একটি অংশ
৩০ জুন, ২০২৫ তারিখে শেষ হওয়া প্রান্তিকের জন্য

(লক্ষ টাকা)

বিবরণ	৩ মাস শেষে ৩০।৬।২৫ (অনিরীক্ষিত)	পূর্ব ৩ মাস শেষে ৩১।৩।২৫ (পরীক্ষিত)	সমতুল্য ৩ মাস শেষে পূর্ব বর্ষে ৩০।৬।২৪ (অনিরীক্ষিত)	পূর্ববর্তী সমাপ্ত সময়ের জন্য বছর থেকে তারিখের পরিসংখ্যান ৩১।৩।২৫ (পরীক্ষিত)
মোট কার্যক্রম থেকে রাজস্ব	২.১৯	১৭.৬৮	১১.৯০	৪৬.০৩
এই সময়ের জন্য নিট লাভ (করের আগে এবং ব্যতিক্রমী আইটেম)	(২.৮৭)	(১০.৬০)	৫.৮৮	১৩.১১
এই সময়ের জন্য নিট লাভ (করের পরে এবং ব্যতিক্রমী আইটেম)	(২.৮৭)	(১৩.৯০)	৫.৮৮	৯.৮১
এই সময়ের জন্য মোট ব্যাপক আয় (এই সময়ের জন্য লাভ এবং অন্যান্য ব্যাপক আয় সহ)	-	-	-	--
পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতি শেয়ারের অভিহিত মূল্য ১০ টাকা)	৪৫.০০	৪৫.০০	৪৫.০০	৪৫.০০
সংরক্ষিত (পুনর্মূল্যায়ন রিজার্ভ ব্যতীত)	-	-	-	(৯৩.৮১)
প্রতি ইক্যুইটি শেয়ারের আয় (প্রতিটি ১০ টাকা) (বার্ষিক নয়)				
(ক) মূল	(০.৬৪)	(৩.০৯)	১.৩১	২.১৮
(খ) মিশ্রিত	(০.৬৪)	(৩.০৯)	১.৩১	২.১৮

দ্রষ্টব্য
ক) উপরে উল্লেখিত তথ্যটি SEBI (LODR) রেগুলেশন, ২০১৫ এর ৩৩ নং রেগুলেশনের অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা ৩০ জুন, ২০২৫ তারিখের সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের বিস্তারিত বিন্যাসের একটি অংশ। ৩০ জুন, ২০২৫ তারিখের সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিন্যাসটি কলকাতা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট (www.cse-india.com) এবং কোম্পানির ওয়েবসাইট www.vcmil.com-এ পাওয়া যাবে।

পরিচালনা পর্ষদের পক্ষে এবং তাদের পক্ষে
ভিডুলা কেমিক্যালস অ্যান্ড ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড
স্বা /-কেশব ছেত্রী
পরিচালক
DIN: 02177646

স্থানঃ কলকাতা
তারিখঃ ১৪.০৮.২০২৫

ntc industries limited

CIN : L70109WB1991PLC053562
Regd. Office: 149, B.T. Road, Kamarhati, Kolkata - 700058

৩০ জুন, ২০২৫ তারিখে সমাপ্ত প্রান্তিকের অ-নিরীক্ষিত
আর্থিক ফলাফলের বিবরণীর সংক্ষেপণ (টাকা লক্ষে)

বিবরণ	স্বতন্ত্র: ৩ মাস শেষে ৩০.৬.২০২৫ অনিরীক্ষিত	স্বতন্ত্র: ৩ মাস শেষে ৩১.৩.২০২৫ পরীক্ষিত	স্বতন্ত্র: ৩ মাস শেষে ৩০.৬.২০২৪ অনিরীক্ষিত	স্বতন্ত্র: বর্ষ শেষে ৩১.৩.২০২৫ পরীক্ষিত	অস্বতন্ত্র: ৩ মাস শেষে ৩০.৬.২০২৫ অনিরীক্ষিত	অস্বতন্ত্র: ৩ মাস শেষে ৩১.৩.২০২৫ পরীক্ষিত	অস্বতন্ত্র: ৩ মাস শেষে ৩০.৬.২০২৪ অনিরীক্ষিত	অস্বতন্ত্র: বর্ষ শেষে ৩১.৩.২০২৫ পরীক্ষিত
কারবার থেকে আয় (নিট)	৩০১১.৩২	২৪২২.৯২	৬৭৬.৪৪	৫৮৬২.০৪	৩৩৩৯.৪১	২৭৬৩.৫৭	৯১৬.১১	৭০৪০.৮০
সময়ের জন্য নিট লাভ/ক্ষতি (কর, ব্যতিক্রমী এবং/অথবা অতি-সাধারণ আইটেমের আগে)	৬৩৭.৫৫	৬২৪.৩৫	৭০.৬৩	১০৪২.৯৪	৭৫৬.৪৯	৭২৭.০৩	১৮৯.৭৭	১,৪২৯.৯৯
